কো তো তাতোউ কাইংগা তেনেই

15 মার্চ, 2019 তারিখে ক্রাইস্টচার্চের মসজিদে সন্ত্রাসী হামলার ঘটনায় রয়্যাল কমিশনের তদন্ত প্রতিবেদনের সারসংক্ষেপ।

26 নভেম্বর 2020

[BENGALI]

ROYAL COMMISSION OF INQUIRY
INTO THE TERRORIST ATTACK
ON CHRISTCHURCH MOSQUES
ON 15 MARCH 2019

TE KŌMIHANA UIUI A TE WHAKAEKE
KAIWHAKATUMA I NGĀ WHARE
KŌRANA O ŌTAUTAHI I TE
15 O POUTŪ-TE-RANGI 2019

26 November 2020

কো তো তাতোউ কাইংগা তেনেই

15 মার্চ, 2019 তারিখে ক্রাইস্টচার্চের মসজিদে সন্ত্রাসী হামলার ঘটনায় রয়্যাল কমিশনের তদন্ত প্রতিবেদনের সারসংক্ষেপ।

প্রকাশিত 26 নভেম্বর 2020

978-0-473-55386-9 (পিডিএফ)
978-0-473-55387-6 (পেপারব্যাক)

(C) কপিরাইট 2020

এই নথিটি অনলাইনের এই ঠিকানায় উপলব্ধ রয়েছে:
www.christchurchattack.royalcommission.nz

ECF এবং FSC প্রত্যয়িত কাগজ ব্যবহার করে মুদ্রিত যা এসিড মুক্ত এবং জীবাণুবিয়োজ্য



এটি আপনাদের ঘর
এবং এখানে আপনার নিরাপদ
থাকা উচিত

এই চিত্রণ এবং লেখা শিল্পী রুবি জোন্স দয়া করে উপহার দিয়েছেন।
রয়্যাল কমিশন রুবির প্রতিভা এবং উদারতা নিগূঢ়ভাবে প্রশংসা করে।

স্বীকৃতি

রয়্যাল কমিশন জানে যে 15 মার্চ 2019 ছিল ইসলামী চন্দ্র ক্যালেন্ডার, 7 রজব 1440 অর্থাৎ সপ্তম ইসলামিক মাসের সপ্তম দিন -

রয়্যাল কমিশন 51 শহীদের স্বীকার করতে চায়। তারা আমাদের তদন্তের কেন্দ্রবিন্দুতে আছে।

আমরা আশা করি যে 51 জন শহীদের কাহিনী বাঁচিয়ে রাখা হবে এবং তাদের কাহিনী আমাদের এবং ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

রয়্যাল কমিশন অনেক বেঁচে যাওয়া এবং প্রত্যক্ষদর্শীদের স্বীকৃতি দিতে চায়।

আমরা আশা করছি 51 জন শহীদের পরিবার-পরিজন এবং বেঁচে যাওয়া মানুষ এবং সন্ত্রাসী হামলার প্রত্যক্ষদর্শী এবং তাদের পরিবার-পরিজন একটি শান্তিপূর্ণ জীবন যাপন করবে।

কিয়া ফাকাতোমুরি তে হায়েরে ফাকামুয়া

আমি অতীতের দিকে দৃঢ়ভাবে চোখ রেখে ভবিষ্যতের দিকে হাঁটছি।

এই whakataukī অথবা ‘প্রবাদ’ সময়ের Māori দৃষ্টিভঙ্গির প্রকাশ, যেখানে অতীত, বর্তমান এবং ভবিষ্যৎকে সংযুক্তভাবে দেখা হয়। সময়ের এই ধারণা অতীতকে পিছনে ফেলে যায় না; বরং অতীতকে ভবিষ্যতের দিকে নিয়ে আসে।

আব্দেলফাত্তাহ **কাসেম**

আহমেদ গামাল এলদিন মোহাম্মদ **আব্দেল ঘানি**

ড. আমজাদ কাশেম **হামিদ**

আরিফ মোহাম্মদআলী **ভোহরা**

আশরাফ এল-**মুরসি রাঘেব**

ফারহাজ **আশান**

হাজী আশরাফ **আলী**

হাজী মোহাম্মদ দাউদ **নবী**

হামজা **আলহাজ মোস্তফা**

হুসনা **আহমেদ**

হুসেইন মোহাম্মদ খলিল **মোস্তফা**

কামেল (মোহাম্মদ কামাল) কামেল **দারভিশ**

খালেদ **আলহাজ মোস্তফা**

লিন্ডা সুসান **আর্মস্ট্রং**

মোহাম্মদ মুসিদ **মোহাম্মদহোসেন**

মোহাম্মদ ওমর **ফারুক**

মুনির **সোলিমান**

ড. মুহাম্মদ আব্দুস **সামাদ**

মুহাম্মদ সুহেল **শহীদ**

মুসা ভালি সুলেমান **প্যাটেল**

ওসামা আদনান ইউসুফ **আবুকওয়াইক**

রামিজ আরিফভাই **ভোরা**

শেখ মিউজ নূর **আওয়ালে**

সৈয়দ জাহান্দাদ **আলী**

তারিক রশীদ **ওমর**

জেকারিয়া **তুয়ান**

আব্দুকাদির **এলমি**

আলী মাহমুদ **এলমাদানী**

আনসি কারিপাকুলাম **আলিবাভা**

আশরাফ **আলী রাজ্জাক**

আত্তা মোহাম্মদ আতা **এলায়ন**

গোলাম **হোসেন**

হাজী মতিউল্লাহ **সাফি**

হাজী মাহেবুব আল্লাহলাখার **খোখার**

ড. হারুন **মাহমুদ**

হুসাইন হাজিম **আল-উমরী**

জুনায়েদ **ইসমাইল**

করম **বিবি**

লিলিক আব্দুল **হামিদ**

মোঃ মোজাম্মেল **হক**

মোহাম্মদ ইমরান **খান**

মোহসেন মোহাম্মদ **আল-হারবি**

মুকাদ এডেন **ইব্রাহিম**

মুহাম্মদ হাজিক **বিন মোহাম্মদ তারমিজী**

মুহাম্মদ জেশান **রাজা**

নাঈম **রশীদ**

ওজায়ের **কাদির**

সৈয়দ আহমদ **মিলনা**

সৈয়দ আরিব **আহমেদ**

তালহা **নাঈম**

জাকারিয়া **ভূইয়া**

هذا هو موطننا

This is our home

Ko hotau 'api eni

这是我们的家

Dies ist unser Zuhause

یہ ہمارا گھر ہے

Bu bizim evimiz

यह हमारा घर है

Ko tō tātou kāinga tēnei

這是我們的家

এটাই আমাদের বাড়ি

Nous sommes chez nous ici

دا زموږ کور دی

Kani waa guriga naga

O le mātou 'āiga lenei

یہ ہمارا گھر ہے

বিষয়বস্তু

স্বীকৃতি 2

প্রাককথন 7

নির্বাহী সার-সংক্ষেপে 10

একীভূত অনুসন্ধানসমূহ 19

সুপারিশসমূহের সারসংক্ষেপে 21

সমাপ্ত টিকা 35

প্রাককথন

আসসালামু আলাইকুম এবং tēnā koutou.

1. 15 মার্চ 2019 তারিখের সন্ত্রাসী হামলায় শহীদ হওয়া 51 জন ব্যক্তি, উক্ত হামলা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিবর্গ এবং হামলার প্রত্যক্ষদর্শী ও তাঁদের ক্ষতিগ্রস্থ পরিবার-পরিজনদের স্মরণ করে আমরা এই ডকুমেন্ট শুরু করছি। এই হামলায় ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের জীবন চিরদিনের জন্য বদলে গেছে। এই হামলায় আক্রান্ত ব্যক্তিরা মসজিদে নামাজ পড়ার জন্য শান্তিপূর্ণভাবে একত্রিত হয়েছিলেন। হামলাকারী ব্যক্তিটি এই আক্রমণে 51 জন ব্যক্তিকে শহীদ করেছে এবং আরো 40 জন ব্যক্তিকে হত্যা করার চেষ্টা করেছে। তার এই ভয়ানক কাজটি নিন্দনীয় এবং এর কারণ আপাতদৃষ্টিতে অবোধগম্য মনে হয়েছে।

2. চরম ডানপন্থী ইসলামবিদ্বেষী মতবাদ দ্বারা প্ররোচিত হয়ে এই হামলা পরিচালনা করা হয়েছে। এর উদ্দেশ্য ছিল নিউজিল্যান্ডে বিশৃঙ্খলা সৃষ্টি করা এবং জাতিগত মতানৈক্য তৈরি করা। সন্ত্রাসীর এই উদ্দেশ্য ব্যর্থ হয়েছে। সন্ত্রাসী হামলা পরবর্তী দিনগুলোতে নিউজিল্যান্ডের অধিবাসীরা ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের জন্য জোটবদ্ধ হয়েছেন এবং তাঁরা বর্ণবাদ, চরমপন্থা এবং চরমপন্থ দ্বারা প্ররোচিত সকল প্রকার সহিংসতার বিরুদ্ধে কথা বলেছেন। এই হামলার পরে আমাদের জাতিগত মূল্যবোধ, সামষ্টিক জীবন এবং নিউজিল্যান্ডে বসবাস করা মানে কী - সে বিষয়ে দেশজুড়ে বিভিন্ন আলোচনা ও চিন্তা-গবেষণা হয়েছে।

3. এ ঘটনায় আসলে কী ঘটেছিল এবং কেন তা ঘটেছিল এবং ভবিষ্যতে এই ধরনের হামলা প্রতিরোধ করার ক্ষেত্রে আমাদের কী কী পদক্ষেপ নেওয়া উচিত - সে সব বিষয় জাতিকে জানানো প্রয়োজন। এই উদ্দেশ্যে রয়্যাল কমিশন অব ইনকোয়ারি গঠিত হয়েছে। এই কমিশনের সদস্য হতে পেরে আমরা নিজেদেরকে সম্মানিত ও গর্বিত মনে করছি।

4. 51 জন শহীদ তথা তাঁদের পরিবার, উক্ত হামলা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিবর্গ এবং হামলার প্রত্যক্ষদর্শীরা এবং তাঁদের পরিবারের সদস্যরা আমাদের তদন্ত কার্যক্রমের কেন্দ্রে ছিলেন। আমরা তাঁদের কথা শুনার চেষ্টা করেছি এবং তাদের রুচি ও সাংস্কৃতিক বিষয়াদির প্রতি লক্ষ্য রেখে আমরা তাদের সাথে আলোচনা করেছি।

5. যারা আমাদেরকে তাঁদের বাড়িতে নিয়ে গেছেন আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। লোকজন তাদের দু:খ-কষ্ট শেয়ার করেছেন এবং নিউজিল্যান্ডের প্রতি তাদের ভালোবাসার কথা জানিয়েছেন। তাছাড়া নিউজিল্যান্ডের সকল জাতি-গোষ্ঠীর সাথে আরো ভালোভাবে মিলমিশ রেখে চলার জন্য তারা ইচ্ছা প্রকাশ করেছেন। হামলার কারণে জীবন পাল্টে যাওয়া ব্যক্তিরা শত কষ্ট সত্ত্বেও ভবিষ্যতের ব্যাপারে আশা পোষণ করেছেন এবং তারা নিউজিল্যান্ডের ব্যাপারে আশাবাদ পোষণ করেছেন।

6. হামলাকারী ও হামলার পরিকল্পনাকারী ব্যক্তির জীবন আমরা বিশ্লেষণ করেছি। নিউজিল্যান্ডের অধিবাসীদের এ ধরনের আক্রমণ থেকে নিরাপদ রাখার দায়িত্বে নিয়োজিত সরকারি সংস্থাগুলোর ব্যাপারে আমরা তাদেরকে একাধিক কঠিন প্রশ্ন করেছি।

7. নিউজিল্যান্ডের ভিতরে ও বাইরে আমরা বেশ কিছু সংখ্যক বিশেষজ্ঞের সাথে দেখা করেছি, যারা আমাদেরকে গোয়েন্দা তথ্য দেওয়া থেকে শুরু করে সামাজিক বন্ধন গড়ে তোলার ব্যাপারে বিভিন্ন পরামর্শ দিয়েছেন। শত শত লোক আমাদের সাথে সাক্ষাৎ করেছেন, আমাদের কাছে তাদের মনের কথা লিখেছেন, আমাদের কাছে প্রমাণাদি দাখিল করেছেন এবং সাক্ষাৎকার দিয়েছেন। 1100 জনেরও বেশি লোক আমাদের কাছে দলিলাদি জমা দিয়েছেন।

8. আমরা তাদের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি যারা আমাদের সাথে খোলামনে ও সততার সাথে তথ্য শেয়ার করেছেন। নিউজিল্যান্ডের সকল অধিবাসীদের ভবিষ্যৎ কল্যাণের স্বার্থে এই প্রতিবেদনটি প্রকাশ করার ব্যাপারে আমরা একটি আন্তরিক ইচ্ছা অনুভব করেছি। বিশেষভাবে মুসলিম কমিউনিটির রেফারেন্স গ্রুপসমূহের অন্তর্দৃষ্টি ও সূক্ষ্ম দিকনির্দেশনা আমাদের প্রতিবেদনটি সমৃদ্ধ করার ক্ষেত্রে সাহায্য করেছে। অনুরূপভাবে, 51 জন শহীদের পরিবার, হামলা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিবর্গ এবং হামলার প্রত্যক্ষদর্শী ও তাঁদের পরিবারের সাথে যোগাযোগে সাহায্য করার জন্য আমরা 'জাস্ট কমিউনিটি' এবং 'ন্যাভিগেইট ইউর ওয়ে ট্রাস্ট' এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

9. অস্ট্রেলিয়া, নরওয়ে, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্রের গোয়েন্দা বিভাগের বিভিন্ন বিশেষজ্ঞ ও প্রধান দায়িত্বশীল ব্যক্তিবর্গকে আমরা ধন্যবাদ জানাচ্ছি, যারা সানন্দে তাদের সময় ও মূল্যবান দক্ষতা ও অভিজ্ঞতা আমাদের সাথে শেয়ার করেছেন। সর্বোপরি, লর্ড হোগ্যান হাও কিউপিএম এবং জন ম্যাককিনন সিএনজেডএম কিউএসও -এর প্রতি বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি, যাদের দক্ষতা ও অন্তর্দৃষ্টি ব্যতীত আমাদের তদন্ত কার্যক্রম এবং প্রতিবেদন প্রণয়ন করা সম্ভব হতো না।

10. অবশেষে, কাওন্সেল এবং রয়্যাল কমিশনের সচিবালয়ের প্রতি বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি, যারা তাঁদের বৈচিত্রময় অভিমত, দক্ষতা ও অভিজ্ঞতা দিয়ে আমাদেরকে যথাযথ উপায়ে সাহায্য করেছেন।

11. আমরা এই প্রতিবেদনে যেসব সুপারিশ প্রদান করেছি তার উভয়ই ব্যাপক ও বিস্তৃত। একটি নিরাপদ ও সুসংহত নিউজিল্যান্ড গঠনে এই সুপারিশসমূহ মূল নিয়ামক হিসেবে কাজ করবে মর্মে আমরা বিশ্বাস করি।

Hon Sir William Young KNZM
চেয়ারম্যান

Jacqui Caine
সদস্য



আমাদের প্রতীক একটি স্থায়ী এবং শাশ্বত আওটেয়ারোয়া নিউজিল্যান্ড আইকন, কোরু দ্বারা অনুপ্রাণিত।.

উন্মুক্ত ফার্ন ফ্রন্ড শান্তি, প্রশান্তি, বৃদ্ধি, ইতিবাচক পরিবর্তন এবং জাগরণের প্রতিনিধি। শান্তির এই মাত্রা ইসলামের জীবন্ত বিশ্বাসের অর্থেও অন্তর্নিহিত।

আমরা এই টাওঙ্গা এবং নিউজিল্যান্ডবাসীদের সামনে যে যাত্রা আছে তাকে সমান্তরাল ভাবে দেখছি।

সাতটি উন্মুক্ত ফ্রন্ডের সাতটি সেট সহ koru নকশা এটিও দেখাচ্ছে যে 15 মার্চ 2019 ছিল ইসলামী চন্দ্র ক্যালেন্ডার, 7 রজব 1440 অর্থাৎ সপ্তম ইসলামিক মাসের সপ্তম দিন।

নির্বাহী সার-সংক্ষেপ

1. 15 মার্চ 2019 তারিখের ভয়ংকর সন্ত্রাসী হামলার পর নিউজিল্যান্ড সরকার একটি রয়্যাল কমিশন অব ইনকোয়ারি গঠন করেন। উক্ত কমিশন ঘটনার তদন্ত করে তার উপর একটি প্রতিবেদন দাখিল করবে ঘোষণা দেন। সাধারণত অতীব জনগুরুত্বপূর্ণ বিষয়গুলো তদন্ত করার জন্য রয়্যাল কমিশন অব ইনকোয়ারি গঠন করা হয়।

2. ব্রেন্টন হ্যারিসন ট্যারান্ট (Brenton Harrison Tarrant) নামক এক ব্যক্তি সন্ত্রাসী হামলাটি চালিয়েছে। এর মধ্যে 51 জন্য ব্যক্তিকে হত্যা এবং আরো 40 জন্য ব্যক্তিকে হত্যাচেষ্টার অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করা হয়েছে। বর্তমানে সে প্যারোল বিহীন আজীবন কারাদণ্ডে দণ্ডিত আছে। সাধারণভাবে আমরা তাকে "ব্যক্তি" হিসেবে এই ডকুমেন্টে চিহ্নিত করবো। এই ডকুমেন্টে পুনরায় তার নাম উল্লেখ করা হবে না।

3. সরকার কর্তৃক আমাদের কাছে যে টার্মস অব রেফারেন্স (তদন্তসীমা) দেওয়া হয়েছে তাতে তিনটি বড় বিষয় তদন্ত করার নির্দেশনা আছে – (১) উক্ত ব্যক্তির কাজকর্ম, (২) সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলোর কার্যক্রম এবং (৩) ভবিষ্যতে এই ধরনের সন্ত্রাসী হামলা প্রতিরোধে বিদ্যমান ব্যবস্থায় কোন পরিবর্তন আনা যায় কিনা তা অনুসন্ধান করা। ফলে আমাদেরকে বিভিন্ন প্রমাণক ও দলিলের বিস্তারিত ও ফরেনসিক তদন্ত পরিচালনা করতে হয়েছে। তাছাড়া নিউজিল্যান্ডের অধিবাসীদের সুরক্ষা দিতে এবং তাদের মধ্যে বন্ধন তৈরি করার কাজে যেসব প্রতিষ্ঠান ও ব্যবস্থা আছে সেগুলোর ব্যাপারে ব্যাপকভাবে চিন্তা করার জন্য আমরা বাধ্য হয়েছি।

4. আমাদের টার্মস অব রেফারেন্সে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসন্ধান করার জন্য বলা হয়েছে:

   (a) সংশ্লিষ্ট সংস্থাগুলোর কাছে এমন কোন তথ্য ছিল কিনা যা তাদেরকে সন্ত্রাসী ঘটনার ব্যাপারে সতর্ক করতে পারতো। যদি এই ধরনের তথ্য তাদের কাছে থেকে থাকে, তাহলে এক্ষেত্রে তাদের সাড়া প্রদানের ধরন কেমন ছিল এবং তা যথাযথ ছিল কিনা; এবং

   (b) সংশ্লিষ্ট সংস্থার মধ্যে আন্ত:যোগাযোগ কেমন ছিল এবং তারা একে অপরের মধ্যে তথ্য শেয়ারিং –এ ব্যর্থ হয়েছিল কিনা; এবং

   (c) সন্ত্রাসবাদ দমন বিষয়ক রিসোর্সের অযথাযথ নিয়োগ বা সন্ত্রাসবাদ বিষয়ক অন্যান্য হুমকিসমূহকে অগ্রাধিকার প্রদানের কারণে সংস্থাগুলো এই ধরনের সন্ত্রাসী হামলা অনুমান করতে ব্যর্থ হয়েছে কিনা বা এই হামলা প্রতিরোধের পরিকল্পনা প্রণয়নে ব্যর্থ হয়েছে কিনা; এবং

   (d) সামগ্রিকভাবে বা আংশিকভাবে কোন সংস্থা প্রযোজ্য স্ট্যান্ডার্ড অনুসরণ করতে ব্যর্থ হয়েছে কিনা বা তাদের অন্য কোন ত্রুটি ছিল কিনা; এবং

   (e) এই প্রতিবেদনের উদ্দেশ্য পূরণকল্পে এবং একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন করতে সংশ্লিষ্ট যে কোন অন্যান্য তথ্য।

5. আমরা লক্ষ্য করলাম যে, টার্মস অব রেফারেন্সের প্রথম চারটি প্রশ্নকে সন্ত্রাসী আক্রমণের ব্যাপারে সরকারি সংস্থাসমূহের কোন দোষ ছিল কিনা তা অনুসন্ধানের জন্য বলে আমরা বিশেষভাবে ধরে নিয়েছি।

6. তাছাড়া, ভবিষ্যতে এই ধরনের ঘটনা যাতে সংঘটিত না হয় সে সম্পর্কে সুপারিশ প্রদান করার জন্যও নির্দেশ দেওয়া হয়েছে আমাদেরকে।

7. আমাদের তদন্ত প্রতিবেদনের কেন্দ্রে ছিলেন 51 জন শহীদের পরিবার, হামলা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিবর্গ এবং হামলার প্রত্যক্ষদর্শী ও তাদের পরিবারের সদস্যরা। তাই, মুসলিম কমিউনিটির সাথে যোগাযোগ করে কাজ করাটা আমাদের টার্মস অব রেফারেন্সে –এ পরোক্ষভাবে নির্দেশিত হয়েছে। তাদের সাথে যোগাযোগ করে তদন্ত কার্যক্রম পরিচালনা করাটাই যথোপযুক্ত। এই পদ্ধতিতে কাজ করে আমরা অনেক মূল্যবান অন্তর্দৃষ্টি ও অনুসিদ্ধান্ত পেয়েছি।

8. 51 জন শহীদের পরিবার, হামলা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিবর্গ এবং হামলার প্রত্যক্ষদর্শী ও তাদের পরিবারের সদস্যদের সাথে কথা বলে আমরা উক্ত সন্ত্রাসী হামলার চলমান প্রভাব সম্পর্কে জানতে পেরেছি, যার মধ্যে সরকারি সহায়তা পাওয়ার ক্ষেত্রে যেসব বাঁধা রয়েছে তাও অন্তর্ভুক্ত আছে। মুসলিম কমিউনিটির সাথে যোগাযোগ করার পর সরকারি সংস্থার সাথে কাজ করা বিষয়ক হতাশার দীর্ঘ অভিজ্ঞতা আমরা তাদের কাছ থেকে জানতে পেরেছি। মুসলিম ব্যক্তিবর্গ সোজাসুজিভাবে বর্ণবাদ, বৈষম্য এবং সন্ত্রাসী হিসেবে সন্দিগ্ধ হওয়ার বা সন্ত্রাসী হিসেবে অন্যদের কাছ থেকে আচরণ পাওয়ার অভিজ্ঞতার কথা বলেছেন। তাছাড়া তারা বিদ্বেষজনক বক্তৃতা (hate speech), ধর্মীয় বিদ্বেষতাড়িত অপরাধ (hate crime) এবং সন্ত্রাসবাদের শিকার হওয়া বিষয়ক ভয়ের কথা উল্লেখ করেছেন।

9. যাদের সাথে আমরা কথা বলেছি তারা নিউজিল্যান্ডে বৃহত্তর সামাজিক বন্ধন আশা করেছেন। অন্যান্য কমিউনিটির সাথে আরো গভীর সম্পর্ক স্থাপনের কথাও তারা উল্লেখ করেছেন, যাতে সকলে স্বাগত ও নিরাপত্তা অনুভব করতে পারে। সামাজিক বন্ধন গড়ে তোলার প্রত্যক্ষ উপকারিতা অনেক, যার মধ্যে জনগণের সুখী, সমৃদ্ধ ও অংশীদারিত্বমূলক জীবনযাপন এবং বর্ধিত উৎপাদনশীলতা উল্লেখযোগ্য। সর্বোপরি, সামাজিক সংহতি গড়ে তোলার কারণে লোকজনের চরমপন্থী হওয়া বা ধ্বংসাত্মক আচরণ প্রদর্শন করা বা সন্ত্রাসবাদে জড়িয়ে পড়ার সম্ভাবনা কম থাকে।

10. উক্ত সন্ত্রাসী ব্যক্তিকে আগ্নেয়াস্ত্র বহনের লাইসেন্স প্রদান করার ব্যাপারে লোকজন গুরুতর উদ্বেগ প্রকাশ করেছেন। যারা এ ব্যাপারে আমাদেরকে পরামর্শ দিয়েছেন তাদের বেশিরভাগই ছিলেন আগ্নেয়াস্ত্রের মালিক। আগ্নেয়াস্ত্র লাইসেন্সের প্রক্রিয়া শক্তিশালী করা, বিপুল সংখ্যক অস্ত্র ও গোলাবারুদ ক্রয় সংক্রান্ত বিষয়াদি ভালোভাবে ট্র্যাক করার জন্য নতুন পদ্ধতি চালু করা এবং অস্ত্রের মালিকের অস্বাভাবিক আচরণ বিষয়ক প্রতিবেদন দাখিল করার বাধ্যবাধকতা আরোপ করার ব্যাপারে তাঁরা আমাদেরকে পরামর্শ দিয়েছেন। তাদের অনেকে সামরিক স্টাইলের সেমি অটোমেটিক ফায়ারআর্ম নিষিদ্ধ করার বিরোধিতা করে বলেছেন, এর ফলে দায়িত্বশীল আগ্নেয়াস্ত্রের মালিকরা অকারণে শাস্তি পাবেন। এর পরিবর্তে তারা লাইসেন্স প্রদানের প্রকিয়া উন্নত করার কথা বলেছেন।

11. ‘উক্ত সন্ত্রাসীর ব্যক্তিজীবন, তার অতীত ইতিহাস এবং বিশেষত উক্ত হামলার প্রস্তুতি ও পরিকল্পনার উপর আমাদের পরিচালিত বিস্তারিত অনুসন্ধান ‘অধ্যায় 4: সন্ত্রাসী’ –এ আলোচিত হয়েছে। আমরা জানি যে, অনেকে তার ব্যাপারে কোন কিছু এই ডকুমেন্টে পড়তে চান না। তবে তার চরমপন্থী মতাদর্শ গঠনে কী কী বিষয় প্রভাবিত করেছে এবং সে হামলা চালানোর জন্য নিউজিল্যান্ডকে বেছে নিল কেন এবং সে কিভাবে সরকারি আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিতে পেরেছে – সে সম্পর্কে বিস্তারিত তথ্য উল্লেখ করা আমাদের দায়িত্ব।

12. আলোচ্য সন্ত্রাসী হলেন শ্বেত বর্ণের অস্ট্রেলিয় পুরুষ। মার্চ, 2019 –এ তার বয়স হয়েছিল 28 বছর। শৈশব কাল থেকেই তার মধ্যে বর্ণবাদী আচরণ দেখা গিয়েছিল। আপাতদৃষ্টিতে প্রতীয়মান হয়েছে যে, তার জীবনের বিভিন্ন অভিজ্ঞতাগুলো তার মধ্যে ক্ষোভ তৈরি করে এবং সে উগ্রবাদী হয়ে উঠে। সে যাদেরকে হুমকি মনে করতো তাদের ব্যাপারে চরমপন্থী মতাদর্শ লালন করা শুরু করে। ফলে সে সশস্ত্র সহিংসতার দিকে নিজেকে নিয়ে যায়।

13. উক্ত ব্যক্তি 17 আগস্ট 2017 তারিখে নিউজিল্যান্ডে আসে। সে অস্ট্রেলিয়ার নাগরিক বিধায় সে নিউজিল্যান্ডে বসবাসের অধিকার রাখে। এখানে আসার কয়েকদিনের মধ্যে সে ডানেডিন –এ চলে যায়। এরপর থেকে সে নিজেকে উক্ত সন্ত্রাসী হামলার পরিকল্পনা প্রণয়ন ও প্রস্তুতির কাজে নিজেকে নিয়োগ করে। সন্ত্রাসী হামলা চলাকালীন এবং এর পূর্বে সে যে সমস্ত অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করতো আমরা তা অনুসন্ধান করেছি। তাছাড়া সে কিভাবে আগ্নেয়াস্ত্র রাখার লাইসেন্স পেয়েছে এবং সে আইনগতভাবে কিভাবে আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সংগ্রহ করেছে – সে বিষয়গুলো আমরা পরীক্ষা করে দেখেছি। আগ্নেয়াস্ত্র চালানোর উপর দক্ষতা অর্জনের মাধ্যমে উক্ত সন্ত্রাসী হামলার জন্য প্রশিক্ষণ গ্রহণ, জিমনেশিয়ামে অনুশীলন এবং শরীরের পেশী মাংশল করার জন্য স্টেরয়েড গ্রহণের মতো বিষয়গুলো আমরা ট্র্যাক করেছি।

14. ব্যক্তিটির কোন ঘনিষ্ঠ বন্ধু ছিল না এবং সে সাধারণত সামাজিক আচার-অনুষ্ঠানগুলো বর্জন করে চলতো। সে প্রেক্ষিতে তাকে সামাজিকভাবে বিচ্ছিন্ন বলা যায়। সে আর্থিকভাবে স্বাধীন ছিল এবং বিভিন্ন জায়গা ভ্রমণ করতো। সন্ত্রাসী হামলার প্রস্তুতি ও পরিকল্পনা গ্রহণ করার সময় সে ছিল সুশৃঙ্খল এবং গভীর মনোযোগী। ব্যক্তিটি মানুষের সামনে নিজেকে ভালোভাবে উপস্থাপন করতে পারতো এবং সন্দেহের উদ্রেক যাতে না হয় সেভাবে আচরণ করতে পারতো। আপাতদৃষ্টিতে তাকে দেখে ভয়ংকর বা হুমকিজনক মনে হতো না। এর কারণসমূহ আমরা এই প্রতিবেদনে উল্লেখ করবো।

15. 'অধ্যায় 4: সন্ত্রাসী'–এ আলোচনা শেষে আমরা এই মর্মে সিদ্ধান্ত নিতে পারি যে সে একাকি এই হামলা চালিয়েছে।

16. 'অধ্যায় 5: আগ্নেয়াস্ত্রের লাইসেন্স' –এ আগ্নেয়াস্ত্র সম্পর্কে আমরা বিস্তারিত আলোচনা করেছি।

17. অতীতে ব্যক্তিটির নিউজিল্যান্ডে আসার কোন ইতিহাস না থাকা সত্ত্বেও তার আগ্নেয়াস্ত্রের লাইসেন্স সংক্রান্ত আবেদনটি তার নিউজিল্যান্ডে আসার প্রায় তিন মাসের মধ্যে অনুমোদন করা হয়েছে। এক্ষেত্রে রেফারি হিসেবে সে তার বোনের নাম উল্লেখ করেছে। যেহেতু তার বোন অস্ট্রেলিয়ায় থাকেন, তাই আগ্নেয়াস্ত্র লাইসেন্সের স্টাফরা তাকে রেফারি পরিবর্তন করতে বলেন। অবশেষে নিউজিল্যান্ডের দুই জন অধিবাসীকে (একজন সাবালক ব্যক্তি ও তার পিতা) তার "বন্ধু" হিসেবে দেখিয়ে রেফারি বানানো হয়, যারা তাকে সুস্থ ও স্বাভাবিক ব্যক্তি হিসেবে সনদ প্রদান করেন। সাবালক ব্যক্তি (আমরা এখানে আলোচ্য সন্ত্রাসীর "খেলার বন্ধু" হিসেবে অভিহিত করবো) তার সাথে দশ বছর যাবত অনলাইনে গেইম খেলেছেন। তবে এই পুরো দশ বছরে তিনি আলোচ্য সন্ত্রাসীর সাথে মাত্র 21 দিন ছিলেন। তার বন্ধুর বাবা চার বছরের মধ্যে আলোচ্য সন্ত্রাসীর সাথে আনুমানিক মাত্র সাত দিন সময় ব্যয় করেছেন। উভয়ক্ষেত্রে সন্ত্রাসীর সাথে তাদের যে সময় ব্যয় হয়েছে তা ছিল অনিয়মিত।

18. আমরা সিদ্ধান্তে উপনীত হয়েছি যে, আগ্নেয়াস্ত্র লাইসেন্স সংক্রান্ত আবেদন প্রক্রিয়াজাত করার সময় উপরোল্লিখিত দুই ব্যক্তি উপযুক্ত রেফারি হতে পারবেন কিনা বা তারা তাকে ভালোভাবে চিনেন কিনা – সে ব্যাপারে স্টাফরা যে মনোযোগ দিয়েছিল তা ছিল অযথাযথ ও অপর্যাপ্ত। সে সময় আবেদনটি অনুমোদিত না হলে বা আবেদনটি যদি অন্যভাবে বিবেচনা করা হতো তাহলে কী হতে পারতো - সে বিষয়েও আমরা আলোচনা করেছি।

19. আমরা পেয়েছি যে, নিউজিল্যান্ড পুলিশ কর্তৃক আগ্নেয়াস্ত্র লাইসেন্স করার পদ্ধতিতে প্রয়োজনীয় স্ট্যান্ডার্ড অনুসরণ করা হয়নি। এর কারণ হলো লাইসেন্সিং স্টাফদের জন্য প্রশিক্ষণ ও দিক নির্দেশনার ঘাটতি থাকা এবং যেসব আবেদনে রেফারির সাক্ষাৎকার নেওয়া যায় না সেসব ক্ষেত্রে পূর্ণাঙ্গ দিকনির্দেশনা না থাকা।

20. যদিও আগ্নেয়াস্ত্র আইন সম্পর্কিত আলোচনা আমাদের টার্মস অব রেফারেন্সের আওতার মধ্যে পড়ে না, তথাপি প্রাসঙ্গিকতার খাতিরে আমরা সেমি-অটোমেটিক আগ্নেয়াস্ত্র –এর আইনি বিষয়গুলো আলোচনা করেছি। এই আইনটি শিথিল এবং সহজে অপব্যবহারযোগ্য ছিল। আলোচ্য সন্ত্রাসী এই আইন নিয়ে খেলেছে। নিউজিল্যান্ডে কোন সন্ত্রাসী হামলা চালানো হলে তাতে ভয়ংকর মারণাস্ত্র ব্যবহার হওয়ার ঝুঁকি রয়েছে মর্মে বেশ কয়েকবার সতর্কবাণী উচ্চারণ করা হয়েছে। একটি সতর্কবাণী উচ্চারণ করা হয়েছিল 2011 সালে নরওয়ের অসলো এবং উটোয়া আইল্যান্ডে সেমি অটোমেটিক রাইফেল চালিয়ে একটি সন্ত্রাসী হামলা পরিচালিত হওয়ার পরে।

21. ‘অধ্যায় 6: উক্ত সন্ত্রাসীর ব্যাপারে সরকারি সংস্থাগুলো যা জানতো’ –এ আলোচ্য ব্যক্তির ব্যাপারে সরকারি সংস্থাসমূহ যা জানতো তা আমরা বিস্তারিতভাবে অনুসন্ধান করেছি। সরকারি 217 টি সংস্থার কাছে আমরা এ ব্যাপারে বিস্তারিত তথ্যযুক্ত প্রশ্ন পাঠিয়েছি। আমাদের মতে, এর মধ্যে 10 টি সংস্থা কর্তৃক প্রদত্ত তথ্য উক্ত ব্যক্তি সম্পর্কিত ছিল।

22. এই সন্ত্রাসী হামলার কথা সরাসরি উল্লেখ ছিল শুধু একটি ইমেইলে। হামলা শুরু হওয়ার মাত্র আট মিনিট পূর্বে উক্ত ব্যক্তি ইমেইলটি পার্লামেন্টারি সার্ভিস, এবং কিছু রাজনীতিবিদ, মিডিয়া আউটলেট এবং সাংবাদিকের নিকট পাঠিয়ে দিয়েছিল। হামলার স্থান সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যটি 74 পৃষ্ঠার ম্যানিফেস্টোতে ছিল, যা উক্ত ইমেইলের সাথে অ্যাটাচ করা ছিল। ইমেইলটি খুলে ম্যানিফেস্টোটি পড়ে এর অর্থ অনুধাবন করে পরে নিউজিল্যান্ড পুলিশের নিকট তা পাঠিয়ে দিতে পার্লামেন্টারি সার্ভিসের কয়েক মিনিট সময় লেগেছিল। এর মধ্যে সন্ত্রাসী হামলা শুরু হয়ে যায়। এ বিষয়টি আমরা ‘অধ্যায় 6: উক্ত সন্ত্রাসীর ব্যাপারে সরকারি সংস্থাগুলো যা জানতো’ –এ আলোচনা করেছি। আমরা এই মর্মে সন্তুষ্ট যে, পার্লামেন্টারি সার্ভিস সঠিক পদ্ধতি অনুসরণ করেছিল এবং তারা দ্রুততার সাথে পদক্ষেপ নিয়েছিল।

23. উক্ত ব্যক্তি সম্পর্কে অন্যান্য যেসব তথ্য পাওয়া গেছে তা তেমন একটা উল্লেখযোগ্য নয়। তবে ঘটনা পরবর্তী বিশ্লেষণ থেকে আমরা বুঝতে পারি যে, এর মধ্যে কিছু তথ্য হামলার প্রস্তুতি ও পরিকল্পনার সাথে সম্পর্কিত ছিল। সে সময়ে পাওয়া তথ্য পৃথক পৃথক ছিল বিধায় তা বুঝা যায় নি। এসব খণ্ডিত তথ্যের কোন একটি অংশের মাধ্যমে সরকারি সংস্থার সদস্যগণ কর্তৃক আসন্ন সন্ত্রাসী হামলা সম্পর্কে সতর্ক হওয়া সম্ভব ছিল না। সন্ত্রাস দমন কার্যক্রমের সাথে জড়িত সরকারি সংস্থাগুলো এরূপভাবে তৈরি করা হয় নি যে, তারা ব্যক্তির মেডিক্যাল এবং আগ্নেয়াস্ত্র লাইসেন্স সম্পর্কিত তথ্য সংগ্রহ করে তা জমা করবে।‘অধ্যায় 6: উক্ত সন্ত্রাসীর ব্যাপারে সরকারি সংস্থাগুলো যা জানতো’–এ বিষয়টি আলোচনা করেছি।

24. ‘অধ্যায় 7: একজন সম্ভাব্য সন্ত্রাসীকে শনাক্তকরণ’ –এ সন্ত্রাসী শনাক্তকরণ এবং তাদেরকে বাঁধা দেওয়ার চ্যালেঞ্জসমূহ আমরা আলোচনা করেছি। একক ব্যক্তি কর্তৃক পরিচালিত সন্ত্রাসী হামলাসমূহ শনাক্ত করে তা বন্ধ করা গোয়েন্দা, নিরাপত্তা ও আইন প্রয়োগকারী সংস্থার জন্য কঠিন। তা সত্ত্বেও অতীতে এ ধরনের অনেক সন্ত্রাসী হামলার পরিকল্পনা সংস্থাগুলো নস্যাৎ করে দিয়েছে। সন্ত্রাস দমন সম্পর্কিত বিষয়গুলো গভীরভাবে বিশ্লেষণ করার পূর্বে এই অধ্যায়ে আমরা উক্ত সন্ত্রাসীকে কেইস স্টাডি হিসেবে নিয়েছি এবং বিদ্যমান বিভিন্ন বিষয় পরীক্ষা ও ব্যাখ্যা করার কাজে তার ঘটনাগুলো ব্যবহার করেছি।

25. অধ্যায় 8: সন্ত্রাস দমন প্রচেষ্টার মূল্যায়ন’ –এ সন্ত্রাসবাদ দমন বিষয়ক বিভিন্ন প্রচেষ্টার কথা আলোচনা করা হয়েছে। সন্ত্রাস দমন বিষয়টি জাতীয় নিরাপত্তা সিস্টেমের একটি উপ-অংশ। সন্ত্রাস দমন কার্যক্রমের সাথে যেসব সরকারি সংস্থা জড়িত রয়েছে তাদের মধ্যে প্রধানমন্ত্রী এবং ক্যাবিনেট বিভাগের ন্যাশনাল সিকিউরিটি গ্রুপ, গভর্নমেন্ট কমিউনিকেশন্স সিকিউরিটি ব্যুরো, ইমিগ্রেশন নিউজিল্যান্ড, নিউজিল্যান্ড কাস্টম্স সার্ভিস, নিউজিল্যান্ড পুলিশ এবং নিউজিল্যান্ড সিকিউরিটি ইনটেলিজেন্স সার্ভিস –এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

26. টার্মস অব রেফারেন্সে যেসব প্রশ্ন উত্থাপিত হয়েছে তার মধ্যে সবচেয়ে বেশি উল্লেখযোগ্য প্রশ্ন ছিল- সন্ত্রাস দমন বিষয়ক রিসোর্সের অযথাযথ নিবেশ বা সন্ত্রাসবাদ বিষয়ক অন্যান্য হুমকির বিষয়গুলোকে অগ্রাধিকার দেওয়ার কারণে সরকারি সংস্থাগুলো এই ধরনের হামলার পূর্বাভাস করতে বা এই ধরনের ঘটনা প্রতিরোধের পরিকল্পনা প্রণয়ন করতে ব্যর্থ হয়েছে কিনা তা অনুসন্ধান করা। সাদামাটা একটি কথার মাধ্যমে এই প্রশ্নটির উত্তর দেওয়া যাবে না। তবে এ সম্পর্কিত বিষয়গুলো সুসংগঠিতভাবে অনুসন্ধান করেছি।

27. এক্ষেত্রে একটি বিষয় অবশ্যই স্বীকার করতে হয়। জনগণের কাছে গোয়েন্দা এবং নিরাপত্তা সংস্থাগুলোর গ্রহণযোগ্যতা এখন তুলনামূলকভাবে অনেক কম। আরো একাধিক ঘটনার প্রেক্ষিতে আমরা জানতে পেরেছি যে, সন্ত্রাস দমনের কাজে নিয়োজিত সরকারি সংস্থাগুলোর সক্ষমতা গণমানুষ যা মনে করে তার চেয়ে অনেক কম। গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থার সদস্য কর্তৃক নিউজিল্যান্ডবাসীদের উপর সার্বক্ষণিক নজরদারি করার ধারণাটি কল্পকথা ছাড়া আর কিছু নয়। 2014 সালের ঘটনার দিকে ফিরে গেলে দেখা যায়, তখন গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থা খুবই দুর্বল অবস্থায় ছিল। 2016 –এর মাঝামাঝির দিকে একটি পুন:গঠন প্রক্রিয়া শুরু হয়েছিল, যা 2019 –এ সন্ত্রাসী হামলা সংঘটিত হওয়ার সময়ও অসমাপ্ত রয়ে যায়।

28. আমাদের মূল্যায়নে মূলত 2016 থেকে 15 মার্চ 2019 তারিখ পর্যন্ত সময়ের উপর আমাদের দৃষ্টি নিবদ্ধ করেছি। এই সময়ে উদীয়মান ইসলামবাদী সন্ত্রাসবাদের হুমকি মোকাবেলা করার উপরে কাউন্টার টেরোরিজম রিসোর্স বেশি জোর দিয়েছিল। এই বিষয়টি উল্লেখ করা প্রয়োজন যে, সম্ভাব্য ডানপন্থী ও উগ্রপন্থী সন্ত্রাসবাদের বিভিন্ন তথ্য-উপাত্ত এবং উপায়-উপকরণের উপরও সন্ত্রাসবাদ দমন বিষয়ক সরকারি সংস্থাসমূহ কাজ করছিল। তাই ইসলামবাদী সন্ত্রাসবাদের হুমকির উপর মনোনিবেশের কারণে অন্যান্য সন্ত্রাস সম্পর্কিত তথ্যের অনুসন্ধান উপেক্ষিত হয়নি।

29. 2016 সালে নিউজিল্যান্ড সিকিউরিটি ইনটেলিজেন্স সার্ভিস শনাক্ত করে যে, সন্ত্রাসবাদের ক্রম উদীয়মান হুমকিগুলোর একটি সাধারণ চিত্র পাওয়াটাই (সক্ষমতা থাকা সাপেক্ষে)ছিল এই সংস্থাগুলোর প্রাথমিক লক্ষ্য। 2018 সালের মে মাসের দিকে এই কাজটি শুরু হয়েছিল। তখন চলমান প্রকল্পসমূহের মধ্যে একটি ছিল নিউজিল্যান্ডের ডানপন্থী সন্ত্রাসবাদের ব্যাপারে একটি সাধারণ চিত্র অর্জন করা। সে সময় নিউজিল্যান্ড সিকিউরিটি ইনটেলিজেন্স সার্ভিসের সন্ত্রাসবাদ সম্পর্কে সীমিত জ্ঞান ছিল এবং তাই সন্ত্রাসী হামলা সংঘটিত হওয়ার সময় কাজটি তখনো সম্পন্ন হয়নি।

30. নিউজিল্যান্ড পুলিশের গোয়েন্দা কার্যক্রম ও তার মান ক্রমশ কমেছে এবং 2015 সালের পর থেকে তারা স্ট্র্যাটেজিক টেরোরিজম থ্রেট এসেস্‌মেন্ট সম্পন্ন করেনি।

31. আমরা এই সিদ্ধান্তে উপনীত হয়েছি যে, ইসলামবাদী চরমপন্থী সন্ত্রাসবাদের উপর কাউন্টার টেরোরিজম রিসোর্সসমূহের অযথাযথ নিয়োগ নিবিষ্ট করা ছিল। তবে এর কারণ বের করতে হলে আমাদেরকে আরো অনেক বিষয় বিবেচনায় নিতে হবে।

32. কাউন্টার টেরোরিজম রিসোর্সের বিশেষভাবে চরমপন্থী সন্ত্রাসবাদের উপর নিয়োগ করা নিয়ে আমাদের উদ্বেগটি মূলত: প্রক্রিয়াগত। এর দুটি দিক রয়েছে। প্রথমত, অন্যান্য সন্ত্রাসবাদের সম্ভাব্য হুমকিগুলোর উপর কোন গুরুত্বপূর্ণ এসেস্‌মেন্ট সম্পন্ন করা হয় নি। তাই কাউন্টার টেরোরিজম রিসোর্স নিয়োগের কাজটি তুলনামূলক ঝুঁকি বিশ্লেষণ পদ্ধতি অনুসরণ করে হয়নি। দ্বিতীয়ত, এর উপর ভিত্তি করে আগানোর জন্য কোন তথ্যপূর্ণ সামগ্রিক সিদ্ধান্ত প্রণীত হয়নি। এর দ্বারা আমরা বুঝাতে চাচ্ছি যে, সংশ্লিষ্ট সকল সরকারি সংস্থা কর্তৃক এই মর্মে সিদ্ধান্ত নেওয়া হয় যে, সন্ত্রাসবাদের সম্ভাব্য আরো একাধিক হুমকি রয়েছে যা যথাযথভাবে অনুধাবণ করা হয়নি। এ বিষয়টি আরেকটু ব্যাখ্যা করা দরকার।

33. নিউজিল্যান্ড সিকিউরিটি ইনটেলিজেন্স সার্ভিস তার সীমিত কাউন্টার টেরোরিজম রিসোর্সকে উদীয়মান চরমপন্থী সন্ত্রাসবাদ সম্পর্কিত হুমকির উপর নিবিষ্ট রেখেছিল। এর একটি কারণ হলো এই, 2018 সালের মাঝামাঝি সময়ের আগ পর্যন্ত উক্ত সন্ত্রাসবাদকে টেক্কা দেওয়া এবং একই সময়ে অন্যান্য হুমকিগুলোর একটি প্রাথমিক চিত্র অঙ্কন করার সক্ষমতা তাদের ছিল না। কাউন্টার টেরোরিজমের সাথে সম্পর্কিত অন্যান্য সরকারি সংস্থাসমূহ এই সমন্বিত পদ্ধতির উপর, এর নিহিতার্থ অনুধাবন এবং অমীমাংসিত হুমকিগুলোর উপর তথ্যপূর্ণ আলোচনায় লিপ্ত হয়নি। তাই সন্ত্রাসবাদ নিয়ে আগানোর ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল সরকারি সংস্থাগুলো তথ্যপূর্ণ এবং সামগ্রিক সিদ্ধান্ত নেয়নি, যা আমাদের বিবেচনায় অযথাযথ প্রতীয়মান হয়েছে।

34. উপরের সবকিছু বিবেচনার পর আমরা এই সিদ্ধান্তে উপনীত হয়েছি যে, আলোচ্য ব্যক্তির সন্ত্রাসী হামলার প্রস্তুতি ও পরিকল্পনা শনাক্ত না হওয়ার কারণ হিসেবে কাউন্টার টেরোরিজম রিসোর্সের বিশেষভাবে ইসলামবাদী সন্ত্রাসবাদের উপর নিয়োগ করাকে দায়ী করা যায় না। তাছাড়া উক্ত ব্যক্তি কর্তৃক অপারেশনাল সিকিউরিটি অনুসরণ করা, কাউন্টার টেরোরিজম রিসোর্সের আইনি অনুমোদনকারী পরিবেশ বিবেচনা এবং সরকারি সংস্থাগুলোর সন্ত্রাসবাদ দমনে সীমিত সক্ষমতা বিবেচনায় নিয়ে বলা যায়, দৈব ঘটনা ছাড়া আলোচ্য সন্ত্রাসীকে শনাক্ত করা সম্ভব নয়।'অধ্যায় 8: সন্ত্রাস দমন প্রচেষ্টার মূল্যায়ন' –এ আমাদের প্রকাশিত বিশ্লেষণ এবং উপরোক্ত উদ্বেগ সত্ত্বেও বলা যায়, আলোচ্য ব্যক্তির শনাক্ত না হওয়াটা গোয়েন্দা সংস্থার ব্যর্থতা নয়।

35. সরকারি সংস্থা কর্তৃক সন্ত্রাসবাদ দমন সম্পর্কিত বিভিন্ন প্রচেষ্টা আমরা ভালভাবে বিশ্লেষণ করেছি। জনগণের কাছে সরকারি সংস্থার কম গ্রহণযোগ্যতা এবং তাদের সীমিত সক্ষমতার কথা আমরা ইতোমধ্যে উল্লেখ করেছি। বিগত দশকের মাঝামাঝি সময়ের দিকে সন্ত্রাসবাদ দমন, গোয়েন্দা সংস্থা এবং নিরাপত্তা সংশ্লিষ্ট কথা-বার্তাসমূহ সরকার এবং জনগণের কাছে বিষাক্ত হয়ে উঠেছিল। সরকারি বা রাজনৈতিক নীতি নির্ধারণীতে এ বিষয়টি একপ্রকার উপেক্ষিত ছিল বলা যায়। বিকেন্দ্রীভূত জাতীয় নিরাপত্তা ব্যবস্থার কারণে সরকারি সংস্থাগুলোর মধ্যে নেতৃত্বের আসনটি খণ্ডিত হয়ে পড়েছিল। অন্যদিকে সরকারি সংস্থাসমূহ সন্ত্রাসবাদ দমনে যেসব কাজ করছেন তার মধ্যে সমন্বয় খুবই কম ছিল।

36. পূর্বের আলোচনায় বলা হয়েছে, গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থার সক্ষমতা পুন:নির্মাণের কাজটি 2016 সালের মাঝামাঝি সময়ের দিকে শুরু হয়েছিল। যদিও আগের চেয়ে কিছুটা উন্নতি সাধিত হয়েছে, তথাপি আরো বেশি উন্নতি দরকার। তাছাড়া জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থা সৃষ্টি করা সহ আরো অন্যান্য পদ্ধতিগত পরিবর্তন আনা দরকার। এর ফলে সন্ত্রাসবাদ বা উগ্রপন্থী হামলার প্রচেষ্টাসমূহের বিরুদ্ধে পাল্টা ব্যবস্থা নেওয়া যাবে। গোয়েন্দা ও নিরাপত্তা সম্পর্কিত বিষয়গুলোর ক্ষেত্রে এই নতুন সংস্থার প্রধান নির্বাহীই হবেন জাতীয় উপদেষ্টা। ফলে সংস্থাটি এককভাবে গোয়েন্দা ও নিরাপত্তা সম্পর্কিত ইস্যুগুলো চিন্তা করার সুবিধা পাবে। এটি বিস্তৃত পরিসরে কৌশলগত নীতি নির্ধারণীতে পরামর্শ প্রদান করবে, কাউন্টার টেরোরিজমের কৌশল উন্নয়ন করবে এবং সংশ্লিষ্ট জাতীয় গোয়েন্দা আইনের সৃষ্টি ও তার যথাযথ প্রয়োগের কাজ পরিচালিত করবে। সংস্থাটি গোয়েন্দা এসেস্‌মেন্ট উন্নয়নের দায়িত্ব নিবে, যার মধ্যে হামলার আগাম তথ্য সংগ্রহকরণ সম্পর্কিত কৌশলও থাকবে। তাছাড়া সংস্থাটি পারফর্ম্যান্স ম্যানেজমেন্ট ফ্রেইমওয়ার্ক প্রণয়ন করবে এবং এর প্রেক্ষিতে অর্জিত অগ্রগতি পর্যবেক্ষণ করবে।

37. কাউন্টার টেরোরিজম প্রচেষ্টাসমূহের উপর আমাদের দৃষ্টি নিবদ্ধ করার কথা থাকলেও সরকারি সকল সংস্থার মধ্যে পরিবর্তন আনার ব্যাপারে আমরা যেসব সুপারিশ প্রদান করেছি যা গোয়েন্দা সম্পর্কিত সকল বিষয় এবং সব ধরনের হুমকির সাথে সম্পর্কিত। উপরোক্ত বিষয়সমূহ বিবেচনায় না নিয়ে আলাদাভাবে সন্ত্রাসবাদ দমন বিষয়ক দায়-দায়িত্ব চাপিয়ে দেওয়াটা অবাস্তবিক।

38. এটিসহ অন্যান্য সুপারিশগুলো "অধ্যায় 10: সুপারিশসমূহ" –এ আমরা বিস্তারিতভাবে আলোচনা করেছি।

39. আমাদের সুপারিশসমূহের পূর্ণ বাস্তবায়ন করলে সন্ত্রাসবাদ দমন সম্পর্কিত যেসব প্রচেষ্টা চলমান আছে তা আরো সুসংগঠিত হবে। এর ফলে সংস্থাসমূহের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং আইনগত কাঠামোতেও অনেক স্বাধীনতা থাকবে। এক্ষেত্রে সরকার ও জনগণের মধ্যে আরো বেশি আলোচনা ও পর্যবেক্ষণ থাকাটা আমরা আশা করছি। এর ফলে সরকারি সংস্থাগুলোর প্রতি মানুষের আস্থা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে। কাউন্টার টেরোরিজম সম্পর্কিত আলোচনাগুলো স্বাভাবিক হোক তা আমরা চাই। এতদসংক্রান্ত আলোচনা স্বাভাবিক করার কলাকৌশল আমাদের সুপারিশসমূহে উল্লেখ করা আছে।

40. এখন পর্যন্ত সন্ত্রাসবাদ বিষয়ক এই ধরনের আলোচনা না থাকার কারণে এর বিবিধ প্রভাব আমরা অনুধাবন করেছি।

41. 2015 সালের পর থেকে যে কয়েকটি সরকার এসেছে তারা সবাই জনগণের সাথে আলোচনা করে সন্ত্রাসবাদ দমনমূলক কলাকৌশল ঠিক করার পদক্ষেপ নিতে অনীহা প্রকাশ করেছে। এর পিছনে অন্যতম একটি কারণ ছিল মুসলিম কমিউনিটিকে আরো বেশি সন্ত্রাসবাদের তকমা লাগিয়ে না দেওয়া। তবে এ কৌশলটি যদি জনগণের সাথে শেয়ার করা হতো এবং কৌশল পরিকল্পনায় যদি “কিছু দেখুন কিছু বলুন”-এর কৌশল অন্তর্ভুক্ত করা হতো, তাহলে হয়তো আলোচ্য ব্যক্তির হামলার পরিকল্পনা ও প্রস্তুতি সম্পর্কিত তথ্য সন্ত্রাসবাদ দমন সংস্থার নিকট জানিয়ে দেওয়া যেত। ঘটনা পরবর্তী বিশ্লেষণ থেকে আমরা অনুধাবন করতে পেরেছি যে, এই পদ্ধতিতে পাওয়া তথ্যের মাধ্যমে উক্ত সন্ত্রাসী হামলা প্রতিরোধের সম্ভাবনা অনেক বেশি ছিল। জনগণের সাথে আলোচনাপূর্বক প্রণীত কাউন্টার টেরোরিজম কৌশসমূহের মধ্যে জনাকীর্ণ জায়গাসমূহ নিরাপদ রাখা এবং সন্ত্রাসী হামলার সম্ভাব্য জায়গাসমূহ সুরক্ষা করার মতো নীতিগুলো হয়তো অন্তর্ভুক্ত করা যাবে। এই ধরনের নীতি বাস্তবায়নের মাধ্যমে হয়তো 15 মার্চ 2019 তারিখে হতাহতের পরিমাণ অনেক কমানো যেত। তাছাড়া সেমি অটোমেটিক আগ্নেয়াস্ত্র সম্পর্কিত নিউজিল্যান্ডের বর্তমান আইনের সুযোগ নিয়ে সন্ত্রাসীরা অপকর্ম চালাতে পারে - এই ধরনের ঝুঁকির বিষয়গুলো যদি আগে সমাধা করা হতো, তাহলে হয়তো 15 মার্চ 2019 তারিখে কোন সন্ত্রাসী হামলাই ঘটতো না।

42. যে বিষয়গুলোকে আমরা চূড়ান্তভাবে বিবেচনা করব তা হল নিউজিল্যান্ডে সামাজিক সংহতি, অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্যকে কীভাবে গ্রহণ করা হয়েছে। অধ্যায় 9: সামাজিক সংহতি ও বৈচিত্র গ্রহণ-এ এই বিষয়গুলো আলোচিত হয়েছে

43. সামাজিক সংহতি, অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্য আমাদের মূল কাজের পরিকল্পনায় ছিল না। তবে আমাদের তদন্ত অগ্রসর এবং সম্প্রদায়ের সাথে আমাদের সম্পৃক্ত হওয়া আরো গভীর হওয়ার সাথে সাথে এটা স্পষ্ট হয়ে উঠল যে এই বিষয়গুলোও বিবেচনা করার দরকার ছিল। সামাজিক সংহতিতে ব্যক্তি ও সম্প্রদায়ের অনেক সরাসরি সুবিধা রয়েছে। বিপরীতে, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, পরিবেশগত, অর্থনৈতিক, জাতিগত বা ধর্মীয় পার্থক্যের মাধ্যমে মেরুকৃত সমাজগুলো সম্ভবত উগ্রপন্থী মতাদর্শগুলোর বিকাশ ও প্রসারণ দেখতে পাবে। সামাজিক সংহতি, অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্য প্রতিষ্ঠা করার প্রচেষ্টা উগ্রবাদ রোধ বা প্রতিরোধে ভূমিকা রাখতে পারে। তদ্ব্যতীত, সংহত অংশগ্রহণমূলক এবং বৈচিত্র্য গ্রহণ করে এমন একটি সমাজ থাকা স্বয়ং নিজের জন্যই ভাল।

44. আমরা বিবেচনা করেছিলাম যে সরকারী খাতের সংস্থাগুলো, স্থানীয় সরকার, বেসরকারী খাত, সুশীল সমাজ এবং সম্প্রদায়গুলো আরো একত্রিত সমাজকে কীভাবে সহায়তা করতে পারে এবং করা উচিত। সরকারী খাতের খন্ডিত প্রয়াসগুলো তাদের সাথে সম্পৃক্ত সম্প্রদায় গোষ্ঠীগুলোর জন্য হতাশাব্যঞ্জক ছিল। সামাজিক সংহতি সম্পর্কে একটি পাবলিক কথোপকথন উল্লেখযোগ্যভাবে অনুপস্থিত ছিল। আবারও, আমরা উপসংহারে পৌঁছলাম সে পদ্ধতিগত পরিবর্তন প্রয়োজন এবং আমরা আমাদের চিন্তাভাবনা পার্ট (পর্ব বা খন্ড) 10: সুপারিশগুলোতে ব্যাখ্যা করেছি।

45. এই প্রতিবেদনে 44 টি সুপারিশ রয়েছে যা সন্ত্রাসবাদ বিরোধী প্রয়াস, আগ্নেয়াস্ত্র লাইসেন্সিং পদ্ধতি, সন্ত্রাসবাদী আক্রমণে সর্বাধিক ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের চলমান প্রয়োজনীয়তা, আমাদের ক্রমবর্ধমান বিচিত্র জনসংখ্যার প্রতি নিউজিল্যান্ডের প্রতিক্রিয়া এবং আমাদের সুপারিশগুলো বাস্তবায়নের সাথে সম্পর্কিত পাঁচটি মূল ক্ষেত্রকে অন্তর্ভুক্ত করে। এগুলো পার্ট 10: সুপারিশগুলোতে বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হয়েছে।

46. কিছু পুনরাবৃত্তি বিয়সবস্তু এবং সমস্যা রয়েছে যা প্রচন্ডভাবে আমাদের সুপারিশগুলো বিবেচনাকে প্রভাবিত করেছে। এগুলোর মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ হল কঠিন সমস্যাগুলোর মুখোমুখি হওয়া এবং এর সাথে উন্মুক্তভাবে সম্পৃক্ত হওয়া। আমাদের তদন্ত চলাকালীন আমরা আগ্নেয়াস্ত্র লাইসেন্সিং পদ্ধতি, সন্ত্রাসবাদ বিরোধী প্রয়াস এবং সামাজিক সংহতি এবং বিভিন্নতা গ্রহণ করার সাথে জড়িত সরকারী খাতের কার্যক্রমের দিকে নজর রেখেছি। এগুলোর প্রত্যেকটিই সীমাবদ্ধ রাজনৈতিক মালিকানা এবং পাবলিক আলোচনার অনুপস্থিতি দ্বারা চিহ্নিত।

47. আধা-স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্রগুলোর উপর নিয়ন্ত্রণের শিথিলতা কয়েক দশক ধরে প্রশংসা পেয়েছিল এবং কোন সন্ত্রাসী এটার সুবিধা নিতে পারে এরকম ঝুঁকি 2011 সালের অনেক আগে থেকেই চিহ্নিত করা হয়েছিল। তবে মূলত আগ্নেয়াস্ত্র সম্প্রদায়ের তীব্র বিরোধিতার কারণে শাসনব্যবস্থায় কোন উল্লেখযোগ্য কড়াকড়ি ছিল না।

48. মিডিয়া বিতর্ক এবং সাধারণভাবে গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থাগুলোর উপর এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলোর কাজের উপর জনসাধারণের নিম্নমাত্রার আস্থা ও বিশ্বাসের অর্থ হল এই যে রাজনীতিবিদরা সন্ত্রাসবাদ প্রতিহতের ব্যাপারে জনসাধারণের সম্পৃক্ত থাকার চ্যালেঞ্জ এড়িয়ে গেছেন।

49. সামাজিক সংহতি গঠন, অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্য গ্রহণ এর লক্ষ্যসমূহ পূর্ণ হওয়া আমরা সকলেই আশা করতে পারি। কোভিড-19 প্রতিক্রিয়া এবং পুনরুদ্ধারের পরিবেশ যেখানে বর্ধিত মানসিক চাপ, ক্রমবর্ধমান মানসিক স্বাস্থ্য এবং আসক্তি সমস্যা ও অর্থনৈতিক মন্দা রয়েছে, সেখানে সম্ভাব্য বৈষম্য এবং দুর্বলতাগুলো বৃদ্ধি পায়। ভবিষ্যতের দিকে তাকিয়ে আমাদের দেশে ভৌত অবকাঠামোতে যেভাবে বিনিয়োগ করা হচ্ছে সেভাবে আমাদের সামাজিক অবকাঠামো এবং সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা তৈরি ও উন্নত করার সুযোগ রয়েছে। সামাজিক সংহতি উন্নত করা এবং আমরা কীভাবে বৈচিত্র্যকে গ্রহণ করি তার জন্য প্রয়োজনীয় সামগ্রিক সরকারী ক্রিয়াকলাপ একটি শক্তিশালী বিষয়।

50. আমরা স্বীকার করছি যে এই বিষয়গুলোতে রাজনৈতিক সম্পৃক্ততা সহজ হবে না। তবে কঠিন সমস্যার মুখোমুখি হওয়া এবং তার জন্য পাবলিক কথোপকথনের আয়োজন করা জরুরি হবে। সন্ত্রাসবাদী হামলার আগে জনসমক্ষে সন্ত্রাসবাদ বিরোধী কৌশল প্রচার না করা এবং আগ্নেয়াস্ত্রের উপর শিথিল নিয়ন্ত্রণ আরো কঠোর না করার পরিণতিগুলো আমরা ইতিমধ্যে আলোচনা করেছি। আমরা আশা করি যে আমাদের প্রতিবেদনটি সরকারী সদস্য, কর্মকর্তাবৃন্দ এবং রাজনীতিবিদদের উন্মুক্ত বিতর্কে সম্পৃক্ত করতে উৎসাহিত করবে যাতে নিউজিল্যান্ডকে নিরাপদ, সুরক্ষিত এবং একতাবদ্ধ রাখার ক্ষেত্রে প্রত্যেকে তাদের ভূমিকা ও দায়িত্ব বোঝে। আমাদের প্রতিবেদনে নিউজিল্যান্ড যে ধরণের দেশ হতে আগ্রহী তা নিয়ে বিতর্কের জন্য অনুপ্রেরণা রয়েছে।

51. অবশেষে বলা যায় নিউজিল্যান্ড কখনই সহিংস উগ্রবাদ ও সন্ত্রাসবাদ থেকে মুক্তি পাবে না। এমনকি বিশ্বের সেরা ব্যবস্থা থাকা সত্ত্বেও, সংঘবদ্ধ ভাবী সন্ত্রাসী ভবিষ্যতে নিউজিল্যান্ডে হামলা চালাতে পারে। তবে নিউজিল্যান্ডবাসীর প্রতি স্বচ্ছতা ও অকপটতার বৃহত্তর প্রতিশ্রুতি দিয়ে শুরু করে সরকার অনেক কিছু করতে পারে। আমরা যে মূল্যবোধগুলো শেয়ার করি এবং আমাদের ভবিষ্যত প্রজন্মের জন্য সমুন্নত রাখতে চাই সেগুলোর ব্যাপারে অভিন্ন ঐক্যমত তৈরিতে আমাদের সবার ভূমিকা রাখতে হবে।

একীভূত অনুসন্ধানসমূহ

1. আমাদের নির্দেশের শর্তাবলী মোতাবেক যে বিষয়ে অনুসন্ধান করা করণীয় ছিল আমাদের:

(a) সন্ত্রাসী হামলার বিষয়ে সংশ্লিষ্ট [সরকারী] খাতের সংস্থাগুলোকে কোন তথ্য সরবরাহ অথবা তাদের নিকট কোন তথ্য উপলব্ধ ছিল কিনা যা তাদেরকে সন্ত্রাস হামলার বিষয়ে সতর্ক করতে পারত বা করত এবং যদি এই জাতীয় কোন তথ্য তাদের নিকট সবরবাহ অথবা উপলব্ধ থাকে তবে সংস্থাগুলো এই জাতীয় তথ্যের প্রতিক্রিয়া কী করেছিল, এবং যেভাবে প্রতিক্রিয়া করেছিল তা যথাযথ ছিল কিনা; এবং

(b) সম্পর্কিত সংস্থাগুলোর মধ্যে তথ্য শেয়ার করে নেওয়ার ক্ষেত্রে কোন ব্যর্থতা ছিল কিনা তা সহ সংশ্লিষ্ট [সরকারী] খাতের সংস্থাগুলোর মধ্যে প্রতিক্রিয়ার আন্ত:যোগাযোগ কেমন ছিল তা যাচাই করা; এবং

(c) সন্ত্রাসবাদ দমন সংস্থানসমূহের অনুপযুক্ত নিবিষ্টতার কারণে অথবা অন্যান্য সন্ত্রাসবাদের হুমকির অগ্রাধিকারের কারণে সংশ্লিষ্ট [সরকারী] খাতের সংস্থাগুলো সন্ত্রাসী হামলার অনুমান বা পরিকল্পনা করতে ব্যর্থ হয় কিনা; এবং

(d) কোন সংশ্লিষ্ট [সরকারী] খাতের সংস্থা প্রয়োজনীয় মান পূরণ করতে ব্যর্থ হয়েছে কিনা অথবা অন্যথায় পুরোপুরি বা আংশিকভাবে অন্যথায় ত্রুটিযুক্ত ছিল কিনা; এবং

(e) প্রয়োজনীয় পরিমাণে একটি সম্পূর্ণ প্রতিবেদন সরবরাহ করতে তদন্তের উদ্দেশ্যের সাথে সংশ্লিষ্ট অন্যান্য যে কোন বিষয়।

সরকারী খাতের সংস্থাগুলো সন্ত্রাসী সম্পর্কে কী জানত

2. পার্ট 6: সন্ত্রাসীদের সম্পর্কে সরকারী খাতের সংস্থাগুলো যা জানত সেগুলো আমরা যা দেখেছি তার প্রমাণ এবং যৌক্তিকতা ব্যাখ্যা করে।

3. “সন্ত্রাস হামলা” বলতে পূর্ববর্তী বছরগুলোতে তার পরিকল্পনা এবং প্রস্তুতি অনুসারে ঐ ব্যক্তি কর্তৃক সংঘটিত সন্ত্রাসী হামলাকে বোঝানো হয়েছে।

4. **আমরা দেখতে পাই যে:**

(a) 2019 সালের মার্চ মাসের 15 তারিখের পূর্বে নিউজিল্যান্ডের সরকারী খাতের সংস্থাগুলো কর্তৃক ঐ ব্যক্তির সম্পর্কে একমাত্র তথ্য যা তাদেরকে সন্ত্রাসী হামলার বিষয়ে সতর্ক করতে পারত বা করত তা ছিল সংসদীয় পরিষেবাতে (পার্লামেন্টারি সার্ভিস) ঐ ব্যক্তি কর্তৃক প্রেরিত ই-মেইল।

(b) সন্ত্রাসী হামলার ঠিক আগে প্রেরিত ইমেলের প্রতিক্রিয়ায় সংসদীয় পরিষেবা উপযুক্তভাবে কাজ করেছি যা পরিস্থিতি অনুসারে যুক্তিযুক্ত ছিল ঐ সময়কালের মধ্যে।

(c) এই জাতীয় খাত সম্পর্কিত কোন সংস্থার কাছে অন্য কোন তথ্য সরবরাহ করা হয়নি অথবা উপলব্ধ ছিল না যা তাদের সন্ত্রাস হামলার বিষয়ে সতর্ক করতে পারত বা করত।

(d) সরকারী খাতের সংস্থাগুলোর মধ্যে তথ্য শেয়ার করে নেওয়ার ক্ষেত্রে কোন ব্যর্থতা ছিল না।

সন্ত্রাসবাদ দমনের প্রয়াস মূল্যায়ন করা

5. পার্ট 8: সন্ত্রাসবাদ দমন প্রয়াসের মূল্যায়ন আমরা যা দেখতে পেয়েছি তার প্রমাণ এবং যুক্তি ব্যাখ্যা করে।

6. আমরা এই সিদ্ধান্তে উপনীত হয়েছি যে 2018 সালে শুরু হওয়া নিউজিল্যান্ড সিকিউরিটি ইন্টেলিজেন্স সার্ভিস-এর বেসলাইনিং প্রকল্পের পূর্বে ইসলামবাদী চরমপন্থী সন্ত্রাসবাদের হুমকির প্রতি সন্ত্রাসবাদ বিরোধী সংস্থার একাগ্রতা অনুপযুক্ত ছিল কারণ এটি:

   (a) অন্যান্য মতাদর্শের সাথে জড়িত সন্ত্রাসবাদের হুমকির একটি অবহিত মূল্যায়নের ভিত্তিতে করা হয়নি; এবং

   (b) কোন সামগ্রিক সিদ্ধান্তের ফলে আসেনি যে, এ জাতীয় মূল্যায়ন না থাকা সত্ত্বেও সন্ত্রাসবাদ দমন সংস্থানসমূহকে প্রায় একচেটিয়াভাবে ইসলামবাদী চরমপন্থী সন্ত্রাসবাদের হুমকির জন্য বরাদ্দ রাখা উচিত।

7. **আমরা দেখতে পাই যে:**

   (a) ইসলামবাদী চরমপন্থী সন্ত্রাসবাদের হুমকি সংক্রান্ত সংস্থানসমূহের অনুপযুক্ত নিবিষ্টতা সনাক্ত না হওয়া ঐ ব্যক্তির সন্ত্রাস হামলা এবং প্রস্তুতির ক্ষেত্রে সাহায্য করেনি। এবং সেই কারণে সন্ত্রাসবাদ দমন প্রয়াসের সাথে জড়িত সরকারী খাতের সংস্থাগুলো সন্ত্রাসবাদ বিরোধী সংস্থানসমূহের অনুপযুক্ত নিবিষ্টতার ফলে সন্ত্রাস হামলার জন্য অনুমান বা পরিকল্পনা করতে ব্যর্থ হয়নি।

   (b) সন্ত্রাসবাদ বিরোধী প্রয়াসের সাথে জড়িত কোন সরকারী খাতের সংস্থা প্রয়োজনীয় মান পূরণ করতে ব্যর্থ হয়নি বা অন্যথায় ঐ ব্যক্তির সন্ত্রাস হামলা এবং প্রস্তুতি সনাক্তকরণ না হওয়ার ক্ষেত্রে দোষ ছিল না।

আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (অনুমতিপত্র)

8. পার্ট 5: আগ্নেয়াস্ত্রের লাইসেন্স আমরা যা দেখতে পেয়েছি তার প্রমাণ এবং যুক্তি ব্যাখ্যা করে।

9. **আমরা দেখতে পাই যে:**

   (a) নিউজিল্যান্ড পুলিশ আগ্নেয়াস্ত্র লাইসেন্সিং পদ্ধতির ব্যবস্থাপনায় প্রয়োজনীয় মান পূরণ করতে ব্যর্থ হয়েছিল:

      i) আর্মস্ ম্যানুয়াল, মাস্টার ভেটিং গাইড এবং ফায়ার আর্মস্ লাইসেন্স ভেটিং গাইড অ্যাপ্লিকেশনগুলোর প্রক্রিয়াকরণ সম্পর্কে সুসংগত এবং সম্পূর্ণ দিক-নির্দেশনা সরবরাহ করেনি যেখানে আবেদনকারী একজন নিকট-আত্মীয় রেফারিকে ব্যক্তিগতভাবে সাক্ষাৎকারে নিয়ে আসতে অসক্ষম;

      ii) আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদানকারী কর্মীরা যাতে নিয়মিত প্রশিক্ষণ গ্রহণ করেন এবং তাদের অনুশীলনের নিয়মিত পর্যালোচনা পায় তা নিশ্চিত করার জন্য নিউজিল্যান্ড পুলিশ ব্যবস্থা রাখেনি; এবং

      iii) আলোচ্য ব্যক্তির আগ্নেয়াস্ত্র লাইসেন্সের আবেদন নিয়ে কাজ করার ক্ষেত্রে, নিউজিল্যান্ড পুলিশ এই সমস্যাটিকে পর্যাপ্তভাবে দেখতে পারেনি যে গেমিং বন্ধু এবং তার মাতা-পিতা ঐ ব্যক্তিকে রেফারি হিসেবে পরিবেশন করার জন্য যথেষ্ট জানতো কিনা।

সুপারিশসমূহের সারসংক্ষেপ

1. নিম্নলিখিতগুলোর ব্যাপারে যথাযথ বলে বিবেচিত যে কোন সুপারিশ করার জন্য আমাদের নির্দেশের শর্তাবলী আমাদেরকে নির্দেশনা প্রদান করেছিল:

   (a) এই বিষয়গুলোতে যেমন সময়োপযোগীতা, পর্যাপ্ততা, কার্যকারিতা এবং সংশ্লিষ্ট [সরকারী] খাতের সংস্থাগুলোর মধ্যে তথ্য প্রকাশ, বিনিময় করা অথবা মিলের সমন্বয় সহ সংশ্লিষ্ট [সরকারী] খাতের সংস্থাগুলোর মাধ্যমে তথ্য সংগ্রহ, বিনিময় করা এবং বিশ্লেষণ পদ্ধতিতে কোন উন্নতি সম্ভব কিনা যা সন্ত্রাসবাদী হামলা প্রতিরোধ করতে পারত অথবা ভবিষ্যতে এই ধরণের সন্ত্রাসী হামলা রোধ করতে পারে, এবং

   (b) ভবিষ্যতে এই জাতীয় সন্ত্রাসী হামলা রোধ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট [সরকারী] খাতের সংস্থা পদ্ধতি বা প্রয়োগসংক্রান্ত অনুশীলনগুলো উন্নত করতে কোন পরিবর্তনগুলো প্রয়োগ করা উচিত, যদি থাকে; এবং

   (c) প্রয়োজনমত, একটি সম্পূর্ণ প্রতিবেদন সরবরাহ করতে উপরোক্ত বিষয়ের সাথে সম্পর্কিত অন্যান্য যে কোন বিষয়।

2. আমাদের সুপারিশগুলো পার্ট 10: সুপারিশগুলোতে ব্যাখ্যা করা হয়েছে এবং নিম্নলিখিত ক্ষেত্রগুলোকে চিহ্নিত করা হয়েছে:

   (a) নিউজিল্যান্ডের সন্ত্রাসবাদ দমন উদ্যোগ উন্নত করা।

   (b) নিউজিল্যান্ডের আগ্নেয়াস্ত্রের লাইসেন্সিং পদ্ধতি উন্নত করা।

   (c) 2019 সালের মার্চ মাসের 15 তারিখের সন্ত্রাসী হামলায় ক্ষতিগ্রস্থ পরিবার-পরিজন, বেঁচে যাওয়া মানুষ এবং প্রত্যক্ষদর্শীদের চলমান আরোগ্যলাভের চাহিদাগুলোতে সহায়তা করা।

   (d) আমাদের ক্রমবর্ধমান বিচিত্র জনসংখ্যার প্রতি নিউজিল্যান্ডের প্রতিক্রিয়া উন্নত করা।

   (e) সুপারিশমালার বাস্তবায়ন।

3. সুপারিশগুলো চারটি বিষয়বস্তু দ্বারা সংগঠিত করা হয়েছে।

4. সন্ত্রাসবাদ বিরোধী প্রচেষ্টার কার্যকর তদারকি এবং জবাবদিহিতা প্রদান করার জন্য **শক্তিশালী সরকারী নেতৃত্ব এবং নির্দেশনা প্রয়োজন।** এটি নিশ্চিত করবে যে জাতীয়, আঞ্চলিক ও স্থানীয় পর্যায়ে সন্ত্রাসের হ্রাস, প্রস্তুতি, প্রতিক্রিয়া এবং পুনরুদ্ধারে ভূমিকা ও দায়িত্বগুলো ভালভাবে বোঝানো হয়েছে এবং সংস্থানগুলোতে যথাযথভাবে নিয়োগ করা হয়েছে।

5. নিউজিল্যান্ডের ক্রমবর্ধমান বিভিন্ন জনসংখ্যার প্রতি সাড়াদানে এবং তাকে মানিয়ে নিতে নিউজিল্যান্ডকে (এবং বিশেষত সরকারী খাতকে) প্রতিষ্ঠা করার জন্য শক্তিশালী সরকারী নেতৃত্ব এবং নির্দেশনা প্রয়োজন। ফলে সময়ের সাথে সাথে সংঘটিত সামাজিক পরিবর্তন একটি নিরাপদ এবং অংশগ্রহণমূলক নিউজিল্যান্ড অর্জন করতে সহায়তা করবে।

6. **প্রতিশ্রুত এবং জবাবদিহি সরকারী সিদ্ধান্ত গ্রহণ** সরকারী খাত সংক্রান্ত নীতিমালা, কর্মসূচি এবং পরিষেবাগুলোকে ডিজাইন এবং সরবরাহ করতে সমর্থ করে যা নিউজিল্যান্ডের ক্রমবর্ধমান বিভিন্ন সমাজের চাহিদাগুলো পূরণ করবে। সরকারী খাত (এবং বিশেষকরে যে সংস্থাগুলো সন্ত্রাসবাদ দমনের কাজে লিপ্ত) যেভাবে সম্প্রদায়গুলোর সাথে সম্পৃক্ত রয়েছে তা তাদের পরিবর্তন করা দরকার। সিদ্ধান্ত, স্বচ্ছতা এবং জোরালো বিতর্কে জড়িত থাকার ক্ষেত্রে সম্প্রদায়ের ইনপুটকে মূল্য দিতে সরকারী খাতের মনোভাবকে অবশ্যই পরিবর্তন করতে হবে।

7. **নিউজিল্যান্ডকে নিরাপদ ও একতাবদ্ধ করার ক্ষেত্রে সমাজের প্রত্যেকের ভূমিকা রয়েছে** তবে এই ভূমিকাগুলো কী, তারা কীভাবে একে অপরের সাথে সম্পর্কিত এবং তারা কী অর্জন করতে চায় সে সম্পর্কে সাধারণ ধারণা নেই। ভূমিকা এবং দায়িত্বের ব্যাপারে স্পষ্টতা গুরুত্বপূর্ণ।

8. নিউজিল্যান্ডকে নিরাপদ ও অংশগ্রহণমূলক করার ক্ষেত্রে প্রত্যেককে তাদের ভূমিকার বিষয়ে সচেতন করা নিশ্চিত করতে সরকারকে (এবং সন্ত্রাসবাদ দমন কাজের সাথে জড়িত সরকারী খাতের সংস্থাগুলোকে) নিশ্চিত করতে হবে যে নিউজিল্যান্ডের সন্ত্রাসবাদ দমনের উদ্যোগ যে লোকদের রক্ষা করার চেষ্টা করছে তাদের দ্বারা যেন মূল্যায়িত হয়। নিউজিল্যান্ডের সন্ত্রাসবাদ দমন উদ্যোগে জনসাধারণের আস্থা ও বিশ্বাস সমৃদ্ধকরণে সময় নিবে, তাই এটা করার কাজটি তাড়াতাড়ি শুরু করা উচিত। পাশাপাশি, সরকারকে অবশ্যই নিউজিল্যান্ডের সমাজ হিসেবে নিউজিল্যান্ডের পরিবর্তিত ডেমোগ্রাফিকের অর্থ কী তা বুঝতে হবে এবং বৈচিত্র্যের সুবিধা এবং অন্তর্ভুক্তিমূলক সমাজের বিষয়ে ধারাবাহিক বার্তা প্রচার করতে হবে।

9. এই সকল বিষয়ের শক্ত ভীত প্রতিষ্ঠায় **নিউজিল্যান্ডকে উদ্দেশ্যের উপযুক্ত আইন এবং নীতিমালা গ্রহণ করতে হবে।** একইভাবে গোয়েন্দা ও নিরাপত্তা আইন 2017 এবং সন্ত্রাসবাদ দমন আইন 2002 কে উদ্দেশ্যের উপযুক্ত করতে হবে যাতে থাকবে ঘৃণার দরুণ সংঘটিত অপরাধসমূহের জন্য ব্যবস্থা ও একটি কার্যক্ষম দৃষ্টিভঙ্গি এবং ঘৃণ্য অপরাধের রিপোর্টের আরো ভাল রেকর্ডিংকে উৎসাহিত করার ব্যবস্থা। একই সঙ্গে গুরুত্বপূর্ণ হলো নিউজিল্যান্ডের পুলিশের আগ্নেয়াস্ত্র লাইসেন্সিং পদ্ধতির প্রশাসনকে উন্নত করা।

নিউজিল্যান্ডের সন্ত্রাসবাদ বিরোধী উদ্যোগকে উন্নত করার জন্য প্রস্তাবনাগুলো

আমরা সুপারিশ করছি যে সরকার:

1. সন্ত্রাসবাদ দমন উদ্যোগকে পরিচালনা ও সমন্বয় সাধন করার জন্য একজন মন্ত্রীকে দায়িত্ব এবং জবাবদিহিতা দেওয়া **নিশ্চিত করুন।**

2. একটি নতুন জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থা **প্রতিষ্ঠা করুন** যা পর্যাপ্তভাবে অর্থায়িত এবং আইনতভাবে বাধ্য থাকবে কৌশলগত বুদ্ধিমত্তা এবং নিরাপত্তার নেতৃত্বদানের কার্যক্রমের জন্য যার মধ্যে রয়েছে:

    (a) একজন প্রধান নির্বাহী যিনি প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভার জন্য গোয়েন্দা ও নিরাপত্তা উপদেষ্টা হিসেবে মনোনীত এবং নিরাপত্তা ও গোয়েন্দা বোর্ড অথবা সম্ভাব্য নতুন প্রশাসনিক সংস্থার সভাপতিত্ব করবেন (সুপারিশ 3);

    (b) সকল গোয়েন্দা (ইন্টেলিজেন্স) এবং নিরাপত্তা সংক্রান্ত সমস্যাগুলোর জন্য সেক্টর লিড এবং সমন্বয়কারী হিসেবে পরিচালনা;

    (c) সন্ত্রাসবাদ দমন কৌশল উন্নত করা যার মধ্যে সহিংস চরমপন্থা দমন অন্তর্ভুক্ত রয়েছে (সুপারিশ 4)

    (d) গোয়েন্দা ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী (বৃন্দ) কে সকল কৌশলগত উপদেশ ও নীতিমালা সরবরাহ করা;

    (e) গোয়েন্দা মূল্যায়ন এবং গভীর দক্ষতা কর্তৃক সমর্থিত, পারিপার্শিক নিরীক্ষা;

    (f) কৌশলগত গোয়েন্দা এবং নিরাপত্তা বিষয়গুলোতে সম্প্রদায়, সুশীল সমাজ, স্থানীয় সরকার এবং বেসরকারী খাতের সাথে সম্পৃক্ততাকে নেতৃত্বদান;

    (g) নিউজিল্যান্ডের অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক মানবাধিকারের বাধ্যবাধকতা অনুসারে সন্ত্রাসবাদ দমন উদ্যোগ নিশ্চিত করা;

    (h) স্থানীয় এবং আঞ্চলিক স্তরে জরুরী ব্যবস্থাপনার কাঠামোগুলোকে কাজে লাগানো;

    (i) পদ্ধতির কর্মক্ষমতা পর্যবেক্ষণ এবং প্রতিবেদন; এবং

    (j) সন্ত্রাসবাদ দমন উদ্যোগ সম্পাদনের জন্য মন্ত্রীর নিকট জবাবদিহিতা (সুপারিশ 1)।

3. পাবলিক সার্ভিস অ্যাক্ট 2020 অনুসারে বিভাগীয় নির্বাহী বোর্ড প্রতিষ্ঠা সহ নিরাপত্তা ও গোয়েন্দা বোর্ডের স্বেচ্ছাসেবীর প্রকৃতির বিকল্প ব্যবস্থাগুলো **তদন্ত করুন**, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে রয়েছে:

   (a) সকল গোয়েন্দা এবং নিরাপত্তা বিষয়গুলো শনাক্ত করে সম্পর্কিত সকল সরকারী খাতের সংস্থাগুলোর সাথে কাজ, পরিকল্পনা এবং বাজেটগুলো জোটবদ্ধ এবং সমন্বয় করা;

   (b) ত্রৈমাসিক ভিত্তিতে বর্তমান এবং উদ্ভুত ঝুঁকি ও হুমকিসহ মন্ত্রিসভা বৈদ্যশিক সম্পর্ক ও নিরাপত্তা কমিটির নিকট প্রতিবেদন করা।

   (c) সন্ত্রাসবাদ দমন উদ্যোগের সাথে সম্পর্কিত:

      i) উগ্রবাদ শনাক্ত করার জন্য এবং হিংস্র উগ্রবাদ ও সন্ত্রাসবাদের বর্তমান এবং উদ্ভুত হুমকির প্রতিরোধ, সনাক্তকরণ এবং সাড়াদানে জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থা কর্তৃক উদ্ভাবিত কৌশলটি মন্ত্রিসভাকে সুপারিশ করা (প্রস্তাবনা 4); এবং

      ii) চরমপন্থা শনাক্ত করার জন্য এবং বর্তমান ও উদ্ভূত হুমকি এবং উগ্র চরমপন্থা যা চিহ্নিত, সমন্বিত এবং তদারকি করা হয় সেগুলো প্রতিরোধ, চিহ্নিত এবং সাড়াদান করার জন্য কৌশলটি বাস্তবায়ন করতে কর্মকান্ডগুলোকে নিশ্চিত করা।

4. একটি জনসাধারণ মুখী কৌশল **বিকাশ ও প্রয়োগ** করুন যা উগ্রবাদ শনাক্ত করে এবং হিংস্র উগ্রবাদ ও সন্ত্রাসবাদের বর্তমান এবং উদ্ভুত হুমকির প্রতিরোধ, সনাক্তকরণ এবং সাড়াদান করে এবং যা:

   (a) নতুন জাতীয় গোয়েন্দা এবং নিরাপত্তা সংস্থা দ্বারা পরিচালনা করা হয় (সুপারিশ 2);

   (b) সম্প্রদায়গুলো, সুশীল সমাজ, স্থানীয় সরকার এবং বেসরকারী খাতের সহযোগিতায় বিকশিত করা হয়;

   (c) লক্ষ্য, মাইলফলক এবং কার্য সম্পাদনের ব্যবস্থা সহ কৌশলের উদ্দেশ্য এবং দিক নির্ধারণ করে;

   (d) হ্রাস, প্রস্তুতি, প্রতিক্রিয়া এবং পুনরুদ্ধার জুড়ে সন্ত্রাসবাদ দমন উদ্যোগের জন্য অগ্রাধিকার নির্ধারণ করে;

   (e) হ্রাস, প্রস্তুতি, প্রতিক্রিয়া এবং পুনরুদ্ধারের কৌশল বাস্তবায়নের জন্য সরকারী খাতের সংস্থা, সম্প্রদায়, সুশীল সমাজ, স্থানীয় সরকার এবং বেসরকারী খাতের ভূমিকা ও দায়িত্বসমূহ সংজ্ঞায়িত করে;

   (f) দায়িত্বশীল মন্ত্রীর তদারকিতে রয়েছে (সুপারিশ 1); এবং

   (g) সরকারী খাতের সংস্থা, সম্প্রদায়, সুশীল সমাজ, স্থানীয় সরকার, বেসরকারী খাত এবং সন্ত্রাসবাদ দমন সম্পর্কিত উপদেষ্টা দলের (অ্যাডভাইজারি গ্রুপ) সহযোগিতায় প্রকাশের তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হয় (প্রস্তাবনা 7)।

5. কর্মক্ষমতা সংক্রান্ত তথ্য সরবরাহ করার জন্য গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থাগুলোর প্রয়োজনে সরকারী অর্থায়ন আইন (পাবলিক ফিনান্স অ্যাক্ট) 1989 **সংশোধন করুন** যা অডিটর জেনারেল দ্বারা নিরীক্ষা করার অধীনে হতে পারে।

6. সংসদীয় গোয়েন্দা ও নিরাপত্তা কমিটির ভূমিকাকে **জোরদার করুন** যাতে করে (সন্ত্রাসবাদ দমন উদ্যোগ সহ) ইহা জাতীয় নিরাপত্তা ব্যবস্থা এবং অগ্রাধিকার নির্ধারণের উন্নত ও অবহিত ক্রস-পার্লামেন্টারি তদারকি প্রদান করতে পারে এবং সদস্যবৃন্দ এ জাতীয় তদারকির জন্য প্রয়োজন অনুসারে সংবেদনশীল তথ্য সংগ্রহ করতে পারে।

7. সন্ত্রাসবাদ দমন সংক্রান্ত একটি উপদেষ্টা দল (অ্যাডভাইজরি গ্রুপ) প্রতিষ্ঠা করার জন্য নতুন জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থার (সুপারিশ 2) প্রধান নির্বাহীকে **নির্দেশনা প্রদান করুন যাতে;**
   (a) এই উপদেষ্টারা জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থা এবং নিরাপত্তা ও গোয়েন্দা বোর্ড বা তাদের প্রতিস্থাপনকে পরামর্শ প্রদানের জন্য দায়বদ্ধ (সুপারিশমালা 2 এবং 3); এবং
   (b) আইনে যত দ্রুত অনুশীলনযোগ্য সেভাবে কর্মকান্ডগুলোর মাধ্যমে প্রতিষ্ঠা করা হবে তবে ইহার প্রতিষ্ঠাপনে বিলম্ব ব্যতীত।

8. জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা অগ্রাধিকার এবং বার্ষিক সম্ভাব্য হুমকি প্রতিবেদনে পরামর্শে অন্তর্ভুক্ত করার (সুপারিশ 2) জন্য নতুন জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থার প্রধান নির্বাহীকে **নির্দেশনা প্রদান করুন** যাতে সন্ত্রাসবাদ বিরোধী উপদেষ্টা দল দ্বারা প্রস্তাবিত পূর্ববর্তী বছরে দেওয়া পরামর্শের সংক্ষিপ্তসার (সুপারিশ 7) এবং ঐ পরামর্শের প্রতিক্রিয়াতে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা অন্তর্ভুক্ত থাকবে।

9. গোয়েন্দা ও নিরাপত্তা সংক্রান্ত তথ্য শেয়ার করে নেওয়ার পদ্ধতি উন্নত করতে নতুন জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থা (সুপারিশ 2) এবং প্রধানমন্ত্রী এবং মন্ত্রিপরিষদের অন্তর্বর্তীকালীন অধিদপ্তরকে **নির্দেশনা প্রদান করুন,** যেখানে আরো রয়েছে:
   (a) তথ্য শেয়ারিং সীমাবদ্ধ করার চাইতে তাকে যাতে সক্ষম করে তা নিশ্চিত করতে স্থানীয় ও আঞ্চলিক পর্যায়ে জরুরী ব্যবস্থাপনার কাঠামোসহ স্থানীয় সরকারকে বিশেষভাবে মনোযোগ দিয়ে সংশ্লিষ্ট খাতের সংস্থাগুলোর মধ্যে "জানা দরকার" নীতিটি অনুসরণ করার উপায়ে পরিবর্তন পরিচালনা করা; এবং
   (b) নিউজিল্যান্ড নিরাপত্তা শ্রেণিবিন্যাস পদ্ধতির 2018 সালের রিভিউতে সুপারিশমালাকে ছয় মাসের মধ্যে বাস্তবায়নের তদারকি করা:
      i) শ্রেণিবিন্যাস পদ্ধতির নীতিগুলো সম্প্রসারণ করা যাতে কোন তথ্য অনির্দিষ্টকালের জন্য শ্রেণিবদ্ধ থাকতে না পারে এবং যেখানে সন্দেহ রয়েছে সেখানে যেন নিম্ন স্তরে তথ্য শ্রেণিবদ্ধ করা হয়;
      ii) সরকারী খাতের সংস্থার নির্দেশনা সংশোধন ও জোরদারকরণ এবং প্রশিক্ষণের বিকাশ সাধন;
      iii) ঐতিহাসিক রেকর্ডগুলোর পদ্ধতিগতভাবে গোপনতামুক্তির জন্য বিষয় ভিত্তিক পদ্ধতি অবলম্বন করা; এবং
      iv) শ্রেণিবদ্ধকরণ পদ্ধতির কার্যক্রম এবং কর্মক্ষমতার সূচকগুলোর বিকাশ সাধন।

10. নতুন জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থা এবং প্রধানমন্ত্রী এবং মন্ত্রিপরিষদের অন্তর্বর্তীকালীন অধিদপ্তর সন্ত্রাসবাদ দমন উদ্যোগের প্রতিষ্ঠা ও বাস্তবায়ন সম্পর্কে নিয়মিত দায়িত্বশীল মন্ত্রীর নিকট রিপোর্ট করার জন্য সরাসরি প্রবেশাধিকার চুক্তির সাথে সম্পর্কিত গোয়েন্দা ও নিরাপত্তা আইন 2017 **সংশোধন করুন।**

11. তাদের নিরাপত্তা ছাড়পত্র রয়েছে এমন কর্মীদের উপযুক্ত সংখ্যা আছে কিনা এবং প্রয়োজন অনুসারে সংশ্লিষ্ট উপাদানের পর্যালোচনা করতে সক্ষম করার জন্য সেই কর্মীদের সুযোগ-সুবিধা এবং তথ্য ব্যবস্থাপনা ও প্রযুক্তি পদ্ধতিগুলোতে উপযুক্ত প্রবেশাধিকার রয়েছে তা নিশ্চিত করতে সন্ত্রাসবাদ দমন কাজের সাথে জড়িত সরকারী খাত সংস্থাগুলোর প্রধান নির্বাহীবৃন্দকে **নির্দেশনা প্রদান করুন।**

12. একটি প্রবেশযোগ্য রিপোর্টিং পদ্ধতি **বিকাশ** এবং প্রচার করুন যা জনগণের সদস্যদের ভীতিকর আচরণ সম্পর্কিত ঘটনাগুলোকে সরকারের একক যোগাযোগ বিন্দুতে সহজে এবং নিরাপদে অবহিত করতে সক্ষম করে।

13. ঝুঁকির বিষয়গুলো **এবং এর সূচক বিকাশ** এবং প্রকাশ করুন যা জনগণের **জন্য কিছু** নির্দিষ্ট আচরণ**কে** ব্যাখ্যা করে **এবং** একজন ব্যক্তির হিংস্র চরমপন্থা ও সন্ত্রাসবাদে জড়িত থাকার সম্ভাবনা প্রদর্শন করতে পারে এবং সম্ভাব্য হুমকি বিকশিত হওয়ার সাথে সাথে এগুলোকে নিয়মিত হালনাগাদ করুন।

14. নিম্নলিখিত বিধানগুলো সহ হিংস্র উগ্রবাদ ও সন্ত্রাসবাদ **এর কারণ ও তার** প্রতিরোধ ব্যবস্থা **নির্ধারণের জন্য** স্বাধীন নিউজিল্যান্ড-সম্পর্কিত গবেষণাতে অর্থ প্রদান করতে একটি কর্মসূচি **প্রতিষ্ঠা করুন:**

    (a) জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থাকে (সুপারিশ 2) গবেষণা তহবিলের জন্য বহু বছরের বরাদ্দ প্রদান করা উচিত;

    (b) উপদেষ্টা দলের প্রতিনিধিগণ নির্বাচন প্যানেলের সিংহভাগ গঠন করার মাধ্যমে গবেষণা অগ্রাধিকার এবং অনুদান প্রাপকদের বাছাই নতুন জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থা (সুপারিশ 2) এর কর্মকর্তা এবং সন্ত্রাসবাদ দমন সম্পর্কিত উপদেষ্টা দলের প্রতিনিধিদের (সুপারিশ 7) সমন্বয়ে গঠিত প্যানেল দ্বারা করা উচিত;

    (c) অনুদান প্রাপকদের উগ্রবাদ এবং হিংস্র উগ্রবাদ ও সন্ত্রাসবাদের বর্তমান এবং উদ্ভূত হুমকির প্রতিরোধ, সনাক্তকরণ এবং প্রতিক্রিয়া সম্পর্কিত বিষয়গুলোতে বাৎসরিক সম্মেলনে তাদের গবেষণার ফলাফল প্রকাশ এবং উপস্থাপন করতে উৎসাহিত করা উচিত (সুপারিশ 16)।

15. প্রাথমিকভাবে জাতীয় নিরাপত্তা **ও** গোয়েন্দা মন্ত্রীর নেতৃত্বে নিউজিল্যান্ডে সহিংসতা **এবং** চরমপন্থা ও সন্ত্রাসবাদের বর্তমান **এবং** উদ্ভুত হুমকি প্রতিরোধ, সনাক্তকরণ এবং প্রতিক্রিয়া **সম্পর্কে** জনগণের বোধগম্যতার উন্নতি করতে সুযোগ **তৈরি করুন,** এবং নিম্নোক্ত বিষয়ে পাবলিক আলোচনা সহ:

(a) বর্তমান ঝুঁকি এবং হুমকিসহ নিউজিল্যান্ডের সন্ত্রাসবাদ দমন কাজের এবং কীভাবে সরকারী খাতের সংস্থাগুলো নিউজিল্যান্ডকে সন্ত্রাসবাদের হুমকি এবং ঝুঁকি থেকে রক্ষা করে;

(b) কারা সন্ত্রাসবাদ দমন কাজের সাথে জড়িত এবং তাদের ভূমিকা স্বীকার করে যে সম্প্রদায়গুলো, সুশীল সমাজ, স্থানীয় সরকার এবং বেসরকারী খাতগুলো সন্ত্রাসবাদ দমন কাজের অংশ এবং তথ্যের গুরুত্বপূর্ণ উৎস;

(c) ব্যক্তির গোপনীয়তা এবং ব্যক্তি ও সম্প্রদায়ের নিরাপত্তার মধ্যে ভারসাম্য স্থাপন এবং সরকারী খাতের সংস্থাগুলোকে সন্ত্রাসবাদ দমন এবং সহিংস চরমপন্থী কার্যকলাপে সম্পৃক্ত হওয়ার ক্ষেত্রে সামাজিক লাইসেন্স প্রদানকে বোঝা;

(d) যখন তারা এমন আচরণ এবং ঘটনাগুলো সনাক্ত করে যা কোন ব্যক্তির সহিংস উগ্রবাদ ও সন্ত্রাসবাদে জড়িত হওয়ার সম্ভাব্যতা প্রদর্শন করতে পারে তখন কীভাবে প্রতিক্রিয়া জানাতে হয় তা বুঝতে জনসাধারণকে সহায়তা করা; এবং

(e) কীভাবে সামাজিক সংহতি, সামাজিক অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্য একটি কার্যকর সমাজে অবদান রাখে।

16. সম্পর্ক তৈরির সুযোগ সৃষ্টি এবং সহিংস চরমপন্থা ও সন্ত্রাসবাদ মোকাবেলা সম্পর্কিত জ্ঞান বিনিময় করতে সংশ্লিষ্ট কেন্দ্রীয় ও স্থানীয় সরকার সংস্থাগুলো, সম্প্রদায়সমূহ, সুশীল সমাজ, বেসরকারী খাত এবং গবেষকদের একত্রিত করতে বার্ষিক **সভা** আয়োজন করার জন্য নতুন জাতীয় গোয়েন্দা ও নিরাপত্তা সংস্থার প্রধান নির্বাহীকে (সুপারিশ 2) **নির্দেশনা প্রদান করুন।**

17. আইনের **মাধ্যমে প্রয়োজনীয় করা যাতে:**

(a) জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা বিষয়ক মন্ত্রী জাতীয় নিরাপত্তা এবং গোয়েন্দা অগ্রাধিকারগুলোকে প্রতিটি সংসদীয় চক্রে প্রকাশ করবে এবং এগুলো বিবেচনার জন্য সংসদীয় গোয়েন্দা ও নিরাপত্তা কমিটির নিকট প্রেরণ করবে;

(b) দায়িত্বশীল মন্ত্রী বার্ষিক সম্ভাব্য হুমকি সংক্রান্ত রিপোর্ট প্রকাশ করবে; এবং

(c) সংসদীয় গোয়েন্দা ও নিরাপত্তা কমিটি জাতীয় নিরাপত্তা এবং গোয়েন্দা অগ্রাধিকার সম্পর্কিত নথিগুলো এবং বার্ষিক সম্ভাব্য হুমকি সংক্রান্ত রিপোর্ট গ্রহণ এবং বিবেচনা করবে।

18. সন্ত্রাসবাদ দমন সংক্রান্ত উদ্যোগগুলোর সাথে সম্পর্কিত সকল আইন **পর্যালোচনা করুন** (সন্ত্রাস দমন আইন 2002 এবং গোয়েন্দা ও নিরাপত্তা আইন 2017 সহ) যাতে করে এটা বর্তমানের প্রতিফলন তা নিশ্চিত করা যায় এবং সন্ত্রাস দমন আইনে পূর্ববর্তী সন্ত্রাসবাদ অপরাধ গঠনের বিবেচনা, বুদাপেস্ট কনভেনশন মেনে নেওয়া ও তার বাস্তবায়ন এবং টার্গেট আবিষ্কারের উপর গোয়েন্দা ও নিরাপত্তা আইনের ধারা 19 এর প্রভাবের জরুরি পর্যালোচনাকে অগ্রাধিকার প্রদান করে ইহা সরকারী খাতের সংস্থাগুলোকে কার্যকরভাবে পরিচালনা করতে সক্ষম করে।

নিউজিল্যান্ডের আগ্নেয়াস্ত্রের লাইসেন্সিং পদ্ধতি উন্নত করার সুপারিশমালা

আমরা সুপারিশ করছি যে সরকার:

19. আগ্নেয়াস্ত্র লাইসেন্সিং পদ্ধতির জন্য স্পষ্ট এবং আইনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নীতিমালা এবং পরিচালনা সংক্রান্ত মানদণ্ড এবং নির্দেশিকা প্রস্তুত করতে নিউজিল্যান্ড পুলিশকে (বা অন্যান্য সংশ্লিষ্ট সত্তাকে) **নির্দেশনা প্রদান করুন।**

20. আগ্নেয়াস্ত্র লাইসেন্স আবেদনগুলোর প্রক্রিয়াকরণের জন্য একটি ইলেক্ট্রনিক পদ্ধতি প্রবর্তনের জন্য নিউজিল্যান্ড পুলিশকে (বা অন্যান্য সংশ্লিষ্ট সত্তাকে) **নির্দেশনা প্রদান করুন।**

21. আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদানকারী কর্মীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান এবং নির্দিষ্ট সময় অন্তর অন্তর তাদের কাজের মানের পর্যালোচনা করার জন্য নিউজিল্যান্ড পুলিশকে (বা অন্যান্য সংশ্লিষ্ট সত্তাকে) **নির্দেশনা প্রদান করুন।**

22. আগ্নেয়াস্ত্র লাইসেন্সিং পদ্ধতির কার্যকর প্রয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে এমন কর্মক্ষমতার সূচকগুলো প্রবর্তন করার জন্য নিউজিল্যান্ড পুলিশকে (বা অন্যান্য সংশ্লিষ্ট সত্তাকে) **নির্দেশনা প্রদান করুন।** মূল সূচকগুলোতে যা অন্তর্ভুক্ত থাকবে:
    - (a) জাতীয় মান পূরণ করা হয় তা নিশ্চিত করতে আগ্নেয়াস্ত্র লাইসেন্স কর্মীদের নিয়মিত কর্মক্ষমতা পর্যবেক্ষণ; এবং
    - (b) আগ্নেয়াস্ত্র লাইসেন্সিং ব্যবস্থায় জনগণের আস্থা বৃদ্ধি পাওয়া (নিউজিল্যান্ড পুলিশের নাগরিকদের সন্তুষ্টি সমীক্ষার রিপোর্টগুলো বা অনুরূপ প্রক্রিয়ার মাধ্যমে পরিমাপকৃত)।

23. আবেদনের পূর্ববর্তী দশ বছরে যে সকল আবেদনকারীগণ যথেষ্ট সময়ের জন্য নিউজিল্যান্ডের বাইরে বসবাস করেছেন তাদের ক্ষেত্রে দুটি নতুন প্রক্রিয়া প্রয়োজনের জন্য নিউজিল্যান্ড পুলিশকে (বা অন্যান্য সংশ্লিষ্ট সত্তাকে) **নির্দেশনা প্রদান করুন:**
    - (a) আবেদনকারীগণকে পূর্বে তারা যে সকল দেশগুলোতে বসবাস করেছিল সে দেশগুলোর পুলিশ এবং অপরাধমূলক ইতিহাসের সত্যতা নিরীক্ষাসমূহ সরবরাহ করতে হবে; এবং
    - (b) যদি আবেদনকারীদের নিউজিল্যান্ডে নিকটাত্মীয় বা ঘনিষ্ঠ সহযোগী না থাকেন তবে প্রযুক্তি ব্যবহার করে ফায়ার আর্মস্ ভেটিং অফিসারবৃন্দ কর্তৃক পরিবারের সদস্য বা অন্য কোন দেশে অন্যান্য ঘনিষ্ঠ সংযোগগুলোর সাক্ষাৎকার নেওয়া উচিত।

24. স্বাস্থ্য পেশাদারগণ কর্তৃক নিউজিল্যান্ড পুলিশকে আগ্নেয়াস্ত্রের মাধ্যমে সংঘটিত আঘাতের বাধ্যতামূলক রিপোর্টিং এর **নির্দেশনা প্রদান করুন।**

ক্ষতিগ্রস্থ পরিবার-পরিজন, বেঁচে যাওয়া মানুষ এবং প্রত্যক্ষদর্শীদের চলমান আরোগ্যলাভ চাহিদাগুলোতে সহায়তা করার জন্য সুপারিশমালা

আমরা সুপারিশ করছি যে সরকার:

25. প্রতিটি পরিবার-পরিজন, বেঁচে যাওয়া মানুষ এবং প্রত্যক্ষদর্শীদের যোগাযোগের জন্য একটি ধারাবাহিক একক সাহায্যকারী নিযুক্ত করা যারা তাদের পক্ষ হয়ে প্রয়োজনীয় সকল সরকারী খাতের সহায়তা পরিচালনা করা সহ চলমান আরোগ্যলাভ সহায়তায় 2019 সালের মার্চ মাসের 15 তারিখের সন্ত্রাসী হামলার ক্ষতিগ্রস্থ পরিবার-পরিজন, বেঁচে যাওয়া মানুষ এবং প্রত্যক্ষদর্শীদের জন্য সমন্বিত প্রবেশাধিকার সুবিধা প্রদান করতে নিউজিল্যান্ড পুলিশ, এক্সিডেন্ট কম্পেন্সেশন কর্পোরেশন, বিচার মন্ত্রণালয়, ইমিগ্রেশন নিউজিল্যান্ড এবং বেসরকারী সংস্থাসহ সংশ্লিষ্ট সরকারী খাতের সংস্থাগুলোর সাথে কাজ করার জন্য সামাজিক উন্নয়ন মন্ত্রণালয়কে **নির্দেশনা প্রদান করুন।**

26. একটি কালেক্টিভ ইমপ্যাক্ট নেটওয়ার্ক এন্ড বোর্ড (যৌথ প্রভাব নেটওয়ার্ক এবং বোর্ড) বা অন্যান্য প্রাসঙ্গিক প্রক্রিয়া প্রতিষ্ঠা করার **তদন্ত করুন** যা সরকারী খাতের সংস্থা, বেসরকারী সংস্থা এবং ক্ষতিগ্রস্থ পরিবার-পরিজন, বেঁচে যাওয়া মানুষ এবং প্রত্যক্ষদর্শীদের একটি নির্দিষ্ট কাজের কর্মসূচিতে সম্মত হতে সক্ষম করবে যাতে করে ক্ষতিগ্রস্থ পরিবার-পরিজন, বেঁচে যাওয়া মানুষ এবং প্রত্যক্ষদর্শীদের চলমান চতুর্দিকে মোড়ানো (র‍্যাপ-অ্যারাউন্ড) পরিষেবাগুলো সরবরাহ করা যায়।

27. সংশ্লিষ্ট সরকারী খাতের সংস্থাগুলোর সহযোগিতায় প্রধানমন্ত্রী এবং মন্ত্রিপরিষদ অধিদফতরকে 15 মার্চ 2019 সালের সন্ত্রাসী হামলার ক্ষতিগ্রস্থ পরিবার-পরিজন, বেঁচে যাওয়া মানুষ এবং প্রত্যক্ষদর্শীদের সাথে আলোচনা করার জন্য **নির্দেশনা প্রদান করুন**, যাতে করে কী ধরণের পুনরুদ্ধারমূলক বিচার প্রক্রিয়াগুলো (যদি থাকে) কাঙ্ক্ষিত হতে পারে এবং এই জাতীয় প্রক্রিয়াগুলো কীভাবে ডিজাইন এবং উৎসযুক্ত করা যায়।

সামাজিক সংহতি এবং ক্রমবর্ধমান বিভিন্ন জনসংখ্যার প্রতি নিউজিল্যান্ডের প্রতিক্রিয়া উন্নত করতে সুপারিশমালা

আমরা সুপারিশ করছি যে সরকার:

28. **ঘোষণা করুন** যে সামাজিক অন্তর্ভুক্তি সহ সামাজিক সংহতি গঠনে সামগ্রিক-সরকারী পদ্ধতির সমন্বয়ের জন্য সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থান মন্ত্রী এবং সামাজিক উন্নয়ন মন্ত্রণালয়ের দায়িত্ব এবং জবাবদিহিতা রয়েছে।

29. সামাজিক সমন্বয় কৌশলগত কাঠামো এবং পর্যবেক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থার উন্নয়নে সম্প্রদায়গুলো, সুশীল সমাজ, স্থানীয় সরকার এবং বেসরকারী খাতের সাথে আলোচনা ও সহযোগিতা করার জন্য সামাজিক উন্নয়ন মন্ত্রণালয়কে **নির্দেশনা প্রদান করুন।**

30. জাতিগত সম্প্রদায় এবং বহুসংস্কৃতিবাদ কেন্দ্রীভুত একটি সংস্থার জন্য সরকারের কাছে বিদ্যমান বিকল্পগুলোর **তদন্ত করুন** এবং উদ্দেশ্য উপযোগী সাংগঠনিক নকশার জন্য একটি নির্দিষ্ট উপায় প্রতিষ্ঠা করুন যা জাতিগত সম্প্রদায়ের কার্যালয় থেকে প্রত্যাশিত বর্তমান কার্যাদি অন্তর্ভুক্ত করবে এবং নতুন দায়িত্বশীল সরকারী খাতের সংস্থাকে নিম্নলিখিত কর্মকান্ডগুলোর উপর মনোনিবেশ এবং সম্পাদন করতে সক্ষম করবে:
    - (a) নৃগোষ্ঠীর সম্প্রদায়ের কল্যাণকে প্রভাবিত করে এমন অগ্রাধিকারী বিষয় এবং চ্যালেঞ্জগুলোর ব্যাপারে সরকার ও সরকারী খাতের সংস্থাগুলোকে পরামর্শ দেয়;
    - (b) জাতিগত সম্প্রদায়ের কল্যাণ সাধনের জন্য সরকারী খাতের উদ্যোগগুলোকে বিশ্লেষণ, নিরীক্ষণ ও মূল্যায়নের জন্য ডেটা সংগ্রহ এবং ডেটা ব্যবহার করে, ঐ উদ্যোগগুলো কী হওয়া উচিত এবং কীভাবে তাদেরকে অগ্রাধিকার প্রদান করা উচিত; এবং
    - (c) একটি মূল্যায়নের কাঠামো তৈরি করুন যা কর্মক্ষমতার সূচকগুলোকে অন্তর্ভুক্ত করে এবং নৃগোষ্ঠী সম্প্রদায়ের সুস্বাস্থ্যের উপর সরকারের নীতিমালা এবং কর্মসূচিগুলোর প্রভাব এবং কার্যকারিতা পরীক্ষা করে।

31. সামাজিক অন্তর্ভুক্তিসহ সামাজিক সংহতির যথাযথ ব্যবস্থা এবং সূচকগুলোর (যেমন লিভিং স্ট্যান্ডার্ডস্ ফ্রেমওয়ার্ক) বিকাশকে **অগ্রাধিকার দিন।**

32. নিউজিল্যান্ডের দ্রুত পরিবর্তনশীল সমাজের প্রভাব সম্পর্কে বিশ্লেষণ এবং পরামর্শে সহায়তা প্রদান করার জন্য উন্নত নীতি নির্ধারণের বিষয়ে অবহিতকরণ এবং নীতিমালা মূল্যায়ন বাড়ানোর জন্য সরকারী খাতের সংস্থাগুলোকে সাংস্কৃতিক, জাতিগত এবং ধর্মীয় জনসংখ্যার উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়ার **নির্দেশ দিন।**

33. নেতৃত্বের ভূমিকা সহ সন্ত্রাসবাদ দমন বিষয়ক উপদেষ্টা দলের (সুপারিশ 7) সাথে পরামর্শ গ্রহণ সহযোগে উল্লেখযোগ্য পরিমাণে কর্মক্ষমতার বৈচিত্রের বৃদ্ধির উপর মনোনিবেশ অব্যাহত রাখতে সন্ত্রাসবাদ দমন কাজের সাথে সম্পৃক্ত সরকারী খাতের সংস্থাগুলোর প্রধান নির্বাহীদেরকে **নির্দেশনা প্রদান করুন।**

34. পাবলিক সার্ভিস কমিশনারকে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে **উৎসাহিত করুন** যে:

(a) সরকারী খাতের সংস্থাগুলো যে ক্ষেত্রগুলোতে ভাল কাজ করছে সেই ক্ষেত্রগুলো শনাক্তকরণ, যে ক্ষেত্রগুলোতে উন্নতি করা যেতে পারে এবং তাদের উদ্যোগগুলো কোথায় পরিচালিত করতে হবে সে সম্পর্কে সকল সংস্থাগুলো জুড়ে সমালোচনামূলক অর্ন্তদৃষ্টি সহ পাপা পউনামু প্রতিশ্রুতিগুলোতে সরকারী খাত দ্বারা অগ্রগতির একটি বিস্তৃত দর্শন সরবরাহ করে; এবং

(b) সন্ত্রাসবাদ দমন উদ্যোগের সাথে জড়িত সরকারী খাতের সংস্থাগুলোর অগ্রগতি সম্পর্কিত রিপোর্টিংকে অগ্রাধিকার দেয়।

35. প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্তরে জনসেবা নেতৃত্বের ভূমিকার জন্য উল্লেখযোগ্যভাবে পেশাগত বৈচিত্র বৃদ্ধি এবং বিভিন্ন প্রতিভা আকর্ষণ করার লক্ষ্যে কর্মকান্ডগুলো অব্যাহত রাখতে পাবলিক সার্ভিস কমিশনারকে **উৎসাহিত করুন।**

36. তরুণ নিউজিল্যান্ডবাসীদের ভূমিকা, অধিকার এবং দায়িত্ব সম্পর্কে এবং সাংস্কৃতিক ও ধর্মীয় বৈচিত্র্য, অন্তর্ভুক্তি, সংঘাত নিরসন, নাগরিক সাক্ষরতা এবং স্ব-নিয়ন্ত্রণের মূল্য সম্পর্কে তাদের শেখার সুযোগগুলোতে **বিনিয়োগ করুন।**

37. দায়িত্বশীল মন্ত্রীর নেতৃত্বে - সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থান মন্ত্রী নিম্নোক্ত বিষয়ে সকল নিউজিল্যান্ডবাসীর জ্ঞান শেয়ার করে নেওয়া এবং তাদের বোধশক্তি উন্নতি করার জন্য নিয়মিত গণ কথোপকথনের **সুযোগ তৈরি করুন:**

(a) সামাজিক অন্তর্ভুক্তি সহ সামাজিক সংহতি এবং এগুলো অর্জনের জন্য প্রয়োজনীয় সম্মিলিত উদ্যোগ; এবং

(b) সাংস্কৃতিক, জাতিগত এবং ধর্মীয় বৈচিত্র্য মূলবোধ যা একটি উন্নত ক্রিয়াশীল সমাজে অবদান রাখতে পারে।

38. সকল সরকারী খাতের সম্প্রদায়ের সম্পৃক্ততা নিউজিল্যান্ডের উন্মুক্ত সরকারী অংশীদারিত্বের প্রতিশ্রুতি অনুসারে হওয়া **প্রয়োজনীয় করা** বিশেষকরে:

(a) তাদের সম্পৃক্ততা ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর পাবলিক পার্টিসিপেশন আইএপি2 পাবলিক পার্টিসিপেশন স্পেকট্রামের প্রেক্ষিতে কোথায় আছে তা দেখিয়ে সহযোগী সিদ্ধান্ত গ্রহণের উপর সম্প্রদায় সম্পৃক্ততার প্রভাবের মাত্রা সম্পর্কে সংস্থাগুলোকে পরিষ্কার হতে হবে; এবং

(b) ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর পাবলিক পার্টিসিপেশন আইএপি2 পাবলিক পার্টিসিপেশন স্পেকট্রাম অনুসারে এজেন্সিগুলোকে আরো “জড়িত” এবং “সম্মিলিত” স্তরের সম্পৃক্ততা সম্পাদন করতে উৎসাহিত করতে হবে।

39. ঘৃণা দ্বারা অনুপ্রাণিত হয়ে সংঘটিত অপরাধসমূহ **স্বীকৃতির জন্য আইন সংশোধন করুন:**

   (a) সংক্ষিপ্ত অপরাধ আইন (সামারি অফেন্সেস্ অ্যাক্ট 1981) যা আপত্তিকর আচরণ বা ভাষা, শারীরিক আক্রমণ, ইচ্ছাকৃত ক্ষতি এবং ভয় দেখানোর বিদ্যমান অপরাধের সাথে সম্পর্কিত; এবং

   (b) অপরাধ আইন (ক্রাইমস্ অ্যাক্ট 1961) যা শারীরিক আক্রমণ, অগ্নিসংযোগ এবং ইচ্ছাকৃত ক্ষতির বিদ্যমান অপরাধের সাথে সম্পর্কিত।

40. মানবাধিকার আইন 1993 এর 131 অনুচ্ছেদ বাতিল করুন এবং ধর্মীয় অনুষঙ্গ অন্তর্ভুক্ত সুরক্ষিত বৈশিষ্ট্য সহ হুমকি, আপত্তিজনক বা অপমানজনক যোগাযোগের মাধ্যমে ঘৃণা উৎসাহিত করা, বজায় রাখা অথবা স্বাভাবিক করার অভিপ্রায়ের ভিত্তিতে জাতিগত বা ধর্মীয় বিরোধ প্ররোচিত **করাকে অপরাধ হিসেবে গণ্য করে** অপরাধ আইন 1961-এ একটি বিধান সন্নিবেশ করুন

41. জাতিগত শ্রেষ্ঠত্ব, বর্ণ বিদ্বেষ এবং বর্ণ বৈষম্য অন্তর্ভুক্ত করার জন্য ফিল্মস্, ভিডিও এবং প্রকাশনা শ্রেণীবদ্ধকরণ আইন 1993-এর 3 ধারায় "আপত্তিকর"-এর সংজ্ঞা **সংশোধন করুন।**

42. **অপরাধের** ঘৃণা-প্রেরণাগুলো **নিয়মিতভাবে** ক্যাপচার করতে অপরাধমূলক আচরণের অভিযোগ যে উপায়ে রেকর্ড হয় সেটা সংশোধন করার জন্য নিউজিল্যান্ড **পুলিশকে নির্দেশনা প্রদান করুন** এবং নিম্নোক্ত ব্যাপারে ফ্রন্টলাইন কর্মীদের প্রশিক্ষণ দিন:

   (a) পক্ষপাতিত্ব সূচকগুলো সনাক্ত করা যাতে করে তারা যখন বুঝতে পারে যে একটি অপরাধ ঘৃণা দ্বারা সংঘটিত সম্ভাব্য ঘৃণার কারণে সংঘটিত অপরাধগুলো সনাক্ত করতে পারে;

   (b) ভুক্তভোগী এবং প্রত্যক্ষদর্শীদের উপলব্ধি অনুসন্ধান করা যাতে করে যখন তারা কোন অপরাধকে ঘৃণার কারণে সংঘটিত অপরাধ বলে মনে করা তখন তারা তা নথিভুক্ত করার অবস্থানে থাকে;

   (c) এ জাতীয় ঘৃণার কারণে সংঘটিত অপরাধ এমনভাবে রেকর্ড করা হয় যা সাজা প্রদান আইন 2002-এর ধারা 9 (1) (h)-এর পরবর্তী ব্যবহারের ক্ষেত্রে সুবিধা প্রদান করে।

বাস্তবায়নের জন্য সুপারিশমালা

আমরা সুপারিশ করছি যে সরকার:

43. আমাদের সুপারিশগুলোর প্রতিক্রিয়া **সমন্বয় করতে** এবং বাস্তবায়নের দিকে ধাবিত করতে এবং নিয়োগের ঘোষণা **সহ** একজন মন্ত্রীকে দায়িত্ব এবং জবাবদিহিতা দেওয়া হয়েছে তা **নিশ্চিত করুন।**

44. একটি বাস্তবায়ন পর্যবেক্ষণ পরামর্শদাতা গ্রুপ **প্রতিষ্ঠা করুন** যা:

    (a) সম্প্রদায়ের প্রতিনিধি, সুশীল সমাজ, স্থানীয় সরকার, বেসরকারী খাত, ক্ষতিগ্রস্থ পরিবার-পরিজন, বেঁচে যাওয়া মানুষ ও প্রত্যক্ষদর্শী এবং আমাদের মুসলিম কমিউনিটি রেফারেন্স গ্রুপ অন্তর্ভুক্ত করে;

    (b) সরকারের বাস্তবায়ন পরিকল্পনার নকশা এবং ইহার রোল-আউট সম্পর্কে দায়বদ্ধ মন্ত্রীদেরকে (সুপারিশ 1 এবং 43) পরামর্শ প্রদান করে; এবং

    (c) স্বচ্ছতা বাড়ানোর জন্য ইহার পরামর্শ প্রকাশ করে।

সমাপ্ত টিকা

1. 2019 সালের মার্চ মাসের 15 তারিখের হামলার নেতৃত্বে কী ঘটেছিল এবং ইহা, যদি কিছু থাকে, বন্ধ করতে কি করা যেত এবং এখন নিউজিল্যান্ডবাসীকে অধিকতর ভাল নিরাপত্তা প্রদান করতে কি করা উচিত এই প্রতিবেদনটি তার একটি স্বাধীন বিবরণ দিচ্ছে।

2. 2019 সালের মার্চ মাসের 15 তারিখের সন্ত্রাসী হামলার ভয়াবহ ঘটনার মধ্যে দিয়ে অনুধাবন করা ও শিখার দায়িত্ব এসেছে।

3. সরকারের প্রথম দায়িত্ব তার জনগণের নিরাপত্তা নিশ্চিত করা। তবে, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা ও নিরাপত্তা এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলোর একমাত্র দায়িত্ব নয়। অনেক সরকারী খাতের সংস্থাগুলোরও ভূমিকা পালন করতে হবে। তবে গুরুত্বপূর্ণ হল সম্প্রদায়গুলো, সুশীল সমাজ, স্থানীয় সরকার এবং বেসরকারী খাতকে ভূমিকা পালন করতে হবে। সন্ত্রাসবাদ ও চরমপন্থার বিরুদ্ধে লড়াইয়ে নিউজিল্যান্ড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এই ভূমিকা পালন করার ক্ষেত্রে নিউজিল্যান্ডবাসীদেরকে অবশ্যই এই সমস্যাগুলো এবং তারা কীভাবে সহায়তা করতে পারে সে সম্পর্কে অবহিত হতে হবে।

4. এটি মাথায় রেখে, আমরা আমাদের প্রতিবেদনে পূর্বে টপ সিক্রেট বা সিক্রেট হিসেবে শ্রেণিকৃত বিপুল পরিমাণ উপাদান অন্তর্ভুক্ত করেছি। নিউজিল্যান্ডের সন্ত্রাসবাদ দমন উদ্যোগ মূলত কীভাবে কাজ করে তা দেখানোর জন্য আমরা এটি করেছি। এটি ভবিষ্যতের বিতর্ককে ভাল করে অবগত হতে সক্ষম করবে। আমরা এই জাতীয় অবগত বিতর্ককে সামাজিক লাইসেন্সের জন্য এবং এইভাবে সন্ত্রাসবাদ দমন উদ্যোগের কার্যকারিতার জন্য মৌলিক হিসেবে দেখি।

5. আমরা স্বীকার করছি যে আমরা কোভিড-19 আমলের মধ্যেই আমাদের বিশ্লেষণ এবং প্রতিবেদন চূড়ান্ত করেছি। মহামারীটি সকল সম্প্রদায়কে প্রভাবিত করেছে এবং সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা এবং সামাজিক অবকাঠামোর প্রয়োজনীয়তার এক দুর্দান্ত অনুস্মারক হয়ে দাঁড়িয়েছে। যখন কোন সমাজ বিস্তৃত জনস্বার্থে সম্মিলিতভাবে কাজ করে তখন কী অর্জন করা যায় এটা তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত হয়েও দাঁড়িয়েছে।

6. নিউজিল্যান্ডের ভবিষ্যতের কল্যাণ এবং নিরাপত্তার জন্য মৌলিক বিষয় হল সামাজিক সংহতি। যদিও নিউজিল্যান্ডে সামাজিক সংহতি অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি, তবুও সেখানে ত্রুটি রেখা রয়েছে। সামাজিক সংহতি বজায় রাখা এবং সমৃদ্ধ করা সরকারের জন্য গুরুত্বপূর্ণ কাজ। আমরা আত্মবিশ্বাসী যে এরকম ইচ্ছা সেখানে রয়েছে। ঐ সংকল্প বাস্তবায়নের জন্য আমরা আমাদের সুপারিশগুলোতে মেকানিজম বা প্রক্রিয়া প্রদান করেছি।

7. এই পরিবর্তনগুলো সহজ হবে না, তবে আমরা wero টা রেখেছি এবং আমরা সরকারকে এই চ্যালেঞ্জ গ্রহণ ও পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছি।